১১। আপীল আদালতের ডিক্রীতে "সরেনও" মোকদ্দমা এই কথা না লিখিয়া তাহার পরিবর্ত্তে "জাবেতামত আপীল" কিম্বা "খাস আপীল" এই কথা লিখিতে হইবেক এবং তাহার নম্বর এবং আসল যে দাওয়া হইয়াছিল এবং আপীলেতে যে দাওয়া হয় তাহার সংখ্যা এবং বাদিপ্রতিবাদির নামের সঙ্গে ঐ ফরিয়াদী ও আপেলাণ্ট ও আসামী ও রেস্পাণ্ডেণ্ট ইহা স্পষ্ট করিয়া লিখিতে হইবেক। তৎপরে দাওয়ার নিদর্শন ও তাহার সংখ্যা কি তাহার মূল্য এবং তাহার মুল। তাহার পরে যেরূপে সরেনও মোকদ্দমার আদালতের ডিক্রীর বিষয়ে নির্দ্দিষ্ট আছে সেইরূপে বাদিপ্রতিবাদি ও তাহারদের উকীলেরদের উপস্থিত হইবার বা না হইবার বিষয় সংক্ষেপে লিখিতে হইবেক। এবং তাহার পরে অধস্থ আদালতের ফয়সলা বা ফয়সলাসকলের খোলাসা এবং আপীলের কারণের ও জওয়াবের খোলাসা এবং যে তারিখে তাহা নথীর শামিল করা গেল তাহা। অন্যান্য যে কাগজপত্র দাখিল হয় তাহার বিষয়ে যে বিধি সরেনও মোকদ্দমার আদালতের নিমিত্তে নির্দ্দিষ্ট আছে তদনুসারে কার্য্য হইবেক কিন্তু নিষ্পত্তিকারি বিচারকের ফয়সলাছাড়া অধস্থ আদালতের রোয়দাদের অন্য কোন ভাগের খোলাসা দিবার আবশ্যক নাই।

১২। যখন আসল ডিক্রী উক্ত বিধানানুসারে প্রস্তুত হইয়াছে তখন তাহা সমাপ্ত হওনের এবং নকলের নিমিত্তে প্রস্তুত হওনের তারিখ এবং বাদিপ্রতিবাদিকে কি তাহারদের প্রতিনিধিকে তাহার এত্তেলা দেওনের তারিখ এবং ডিক্রীর নকল লিখিবার জন্যে সমুদয় ইষ্টাম্পকাগজ কি তাহার কতক কেতা প্রথম দাখিল করণের তারিখ এবং ডিক্রী প্রস্তুত হওনের পর এবং বাদিপ্রতিবাদিকে অথবা তাহারদের প্রতিনিধিকে এত্তেলা দেওনের পর অতিরিক্ত ফর্দ্দ দাখিল করণের তারিখ এবং কত কেতা কাগজ দাখিল হইল এবং ডিক্রীর নকল প্রস্তুত হওনের এবং বাদিপ্রতিবাদিকে অথবা তাহার প্রতিনিধিকে দিবার কি দিবার প্রস্তাব করণের তারিখ ডিক্রীর পৃষ্ঠে কেবল অঙ্কেতে নহে কিন্তু অক্ষরে লিখিতে হইবেক এবং যেং নকল বাদিপ্রতিবাদিকে দিতে হইবেক কেবল তাহার উপর নহে কিন্তু যে আসল ডিক্রী মোকদ্দমার রোয়দাদের সঙ্গে রাখিতে হয় তাহার উপরেও এই সকল বিষয় লিখিতে হইবেক।

১৩। আরো, কেবল ইহা মন্তব্য যে যে তারিখে মোকদ্দমার নিষ্পত্তির নির্ভর থাকে এমত তারিখ যদি ডিক্রীর শিরোভাগে কি তাহার মধ্য ভাগে লিখিতে হয় তবে সেই স্থানে যে সন চলন আছে তদনুযায়ি তারিখ নিয়ত লিখিতে হইবেক এবং বাদিপ্রতিবাদির ও পরগনার নাম যেখানে লিখিতে হয় তাহা নিঃসন্দিগ্ধ অক্ষরে নোক্তা অর্থাৎ বিন্দু সহিত লিখিতে হইবেক।

১৪। উক্ত বিধানের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ নানা আদালতে নিযুক্ত ডিক্রীনবীসেরদের উপদেশের নিমিত্তে দেশীয় ভাষায় প্রকাশ হইতেছে।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭ সাল ১২ ফেব্রুআরি।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

ফয়সলার সংক্ষেপ ও বাহুল্যের নিদর্শন।
নং ২৫ সন ১৮৪৪ সাল সরেনও।
যোত্রহীনতারূপে শ্রীল শ্রীযুত জজ সাহেবের কাছারীর
অর্পিত দাবীর সংখ্যা ২৪২৪৲ টাকা।

ফয়সলা আদালতে দেওয়ানী জিলা অমুক বৈঠকে শ্রীযুক্ত অমুক অমুক পদাভিষিক্ত তারিখ ৩ অক্টোবর ১৮৪৪ সাল মোতাবেক।

গণপতিরাম যোত্রহীন বাদী রাম সিংহের পুত্র যশোবন্ত সিংহ ও ঠাকুরদয়াল সিংহের পুত্র দ্বিতীয় যশোবন্ত সিংহ প্রতিবাদিগণ।

রামচরণ লাল উকীল হোসেনবখশ ও রামনাথ উকীলদ্বয়

দাবী ফসলী ১২৪৯ সালের ১ আষাঢ় মোতাবেক ১৮৪২ সালের ২৩ জুনের লিখিত বয়নামাঅনুসারে বমুনাবাদ পরগনার রামপুর মৌজায় দখল পাইবার ও স্বীয় স্বত্বের প্রতি সরকারী বহির জমীদারীর ঘরে নাম দাখিল হইবার মৌজা মজকুরের এক বর্ষের উপস্বত্ব ২০০০৲ টাকা পরিমাণে ও অবশেষ আরজীর দ্বারা বেদখলী সময়ের ওয়াসিলাৎ ৪২৪৲ টাকা আসল মায় সুদ আর আগামি কাল অর্থাৎ দখল পাইবার দিবসপর্য্যন্তের ওয়াসিলাৎ ও নালিশের পূর্ব্বের ও পরের ওয়াসিলাতের সুদ সহিত অবশেষ আরজীর তফসীলেক্ত লিখিতমত একুনে ২৪২৪৲ দুই হাজার চারি শত চব্বিশ টাকার পরিমাণে।

আরজীর খোলাসা।

অদ্য এই মোকদ্দমা বাদির উকীল রামচরণ লালের এবং প্রতিবাদির উকীল। হোসনবখ্শের সম্মুখে প্রতিবাদিগণের দ্বিতীয় উকীল রামনাথের অসাক্ষাতে উপস্থিত হইল বিবরণ এই যে বাদী ১৮৪৪ সালের ১ জানুআরি তারিখে ১ কেতা দরখাস্ত উপরোক্ত দাবীর নালিশ যোত্রহীনতা সূত্রে মঞ্জুর হইবার প্রার্থনায় শ্রীল শ্রীযুক্ত জজ সাহেবের সমীপে দাখিল করে আর উক্ত সনের ২ মার্চ তারিখে উহার দরখাস্ত গ্রাহ্য হয় তৎপরে ১৮৪৪ সালের ২৩ জুন মোতাবেক ফসলী ১২৫১ সালের ২৩ আষাঢ় তারিখে নালিশী আরজী উক্ত বিচারস্থলে দাখিল হয় আর মোকদ্দমা তৈয়ারী ও বিচার কারণ ১৮৪৪ সালের ২৪ জুন তারিখে অত্র বিচারস্থলে অর্পণ হয় বাদির দাবীর চুম্বক এই যে ফতেপুর কসবার মহল্যে আওরঙ্গ আবাদবাসি রাম সিংহের পুত্র যশোবন্ত সিংহ ও ঠাকুরদয়াল সিংহের পুত্র দ্বিতীয় যশোবন্ত সিংহ সাবেক কর্জার বাকী বাবত যাহা হিসাব রুই মবলগে ৩৫০০৲ টাকা উহারদিগের দেনা ছিল তাহার পরিবর্ত্তে উপরোক্ত তারিখে আপন জমীদারী মৌজে রামপুরের বয়নামা আমার নাম বরাবর লিখিয়া রেজিষ্টরী করাইয়া দিয়াছে আর সাবেক তমসুক সকল ফেরত লইয়াছে এই ক্ষণে উক্ত মৌজায় দখল দিতে ও আমি খরিদারের নাম সরকারী বহিতে দাখিল করাইতে টাল মটাল করিতেছে একারণ নালিশ করিতছি আর জওয়াব দাবী দাখিলের পূর্ব্বে ১৮৪৪ সালের ১০ জুলাই তারিখে বাদী এক কেতা অবশেষ আরজী বেদখলী কালের ওয়াসিলাৎ আসল মায় সুদ ও আগামি কালের ওয়াসিলাৎ পাইবার জন্যে ও তাহা মঞ্জুরীর প্রার্থনায় দাখিল করে এবং উক্ত দিবসে তাহা হাকিমের মঞ্জুরীতে কাগজাতের শামিল হয়।

অবশেষ আরজীর বিবরণ।

তফসীল।

অবশেষ আরজীর নিম্নের লিখিত মত নালিশের দিনপর্য্যন্তের ওয়াসিলাৎ আসল মায় সুদ ৪২৪৲

১৮৪২ সালের ২৩ জুনঅবধি ১৮৪৪ সালের ২৩ জুনপর্য্যন্ত বিমজ্জীম জমাবন্দির কাগজ সরঞ্জামী বাদে আসল মুনফা ফিঃ সন ২০০৲ টাকার হিসাবে ৪০০৲

নালিশের দিবসপর্য্যন্ত গণিত এক বর্ষের সুদ ২০০৲ টাকার উপর যাহা আদায় করিতে নালিশের দিবসপর্য্যন্ত এক বৎসর গত হইয়াছে বৎসরে ১২৲ টাকার হিসাবে ২৪৲

১৮৪৪ সালের ১৫ জুলাই তারিখে প্রতিবাদিদ্বয়ের পক্ষহইতে জওয়াব দাখিল হয় তাহার চুম্বক এই যে আমারা বাদির স্থানে না কিছু টাকা লইয়াছি ও না বাদির সাবেক কিছু পাওনা আমারদিগের স্থানে ছিল বরং আমরা রামপ্রসাদ ডিক্রীদারের ডিক্রীর দেনাহইতে আপন বস্তু রক্ষার্থে আপন দেনা বাদির পাওনা সাবেক কর্জ্জার প্রসঙ্গে উক্ত মৌজার বয়নামা বাদির নামে লিখিয়া দিয়া রেজিষ্টরী করাইয়া দিয়াছিলাম আর ১৮৪৪ সালের ২৩ জুন তারিখে বাদির স্থানে এইমধ্যে এক কেতা একরারনামা লেখাইয়া লইয়াছিলাম যে আমার উক্ত মৌজার যথার্থ স্বত্বের সহিত কোন সম্পর্ক নাই কোন হিত প্রয়োজনার্থে মৌজা মজকুরের বিক্রয়পত্র আমার নামে লেখা গিয়াছে যদি আগামিতে উক্ত বিক্রয়পত্রানুসারে কোন দাবী করি তাহা মিথ্যা আর ঐ একরার আমারদের নিকটে প্রস্তুত আছে উপস্বত্বের যাথার্থ্যাযাথার্থ্যের প্রতি কোন আপত্তি জওয়াবে করে নাই ইতি।

জওয়াব দাবীর খোলাসা।

১৮৪৪ সালের ১৭ জুলাই তারিখে রদ্দ জওয়াব প্রতিবাদিগণের এজহারের ও একরারনামা লিখিত হওয়া অস্বীকারের প্রসঙ্গে দাখিল হইল ইতি।

রদ্দ জওয়াবের খোলাসা।

১৮৪৪ সালের ১৯ জুলাই তারিখে হদ্দ জওয়াব জওয়াবের পোষকতায় দাখিল হইল ইতি।

হদ্দ জওয়াবের খোলাসা।

১৮৪৪ সালের ২২ সেপ্টেম্বর তারিখে ১৮১৪ সালের ২৬ আইনের ১০ ধারার মর্ম্মানুসারে মোকদ্দমা রুবকার হইয়া এই কথা লিখনের পর যে যৎকালীন বাদির উল্লিখিত বিক্রয়পত্র লিখিত হইতে প্রতিবাদিগণ অস্বীকার নহে বরং আপন দেনা হইতে অস্বীকৃত হইয়া এই কথা প্রকাশ করে যে বিক্রয়পত্র অন্য কিছু গ্রহণ বিনা

১৮১৪ সালের ২৬ আইনের ১০ ধারার মর্ম্মানুসারে রুবকারী হওনের বিষয়।

কেবল কোন হিত প্রয়োজনার্থে লেখা গিয়াছিল এস্থলে এই মোকদ্দমার এই বিষয়ের তদন্তাবশ্যক যে প্রতিবাদিগণ বাদির উল্লিখিত আপন সাবেক দেনার পরিবর্ত্তে যথার্থ উক্ত বিক্রয়পত্র লিখিয়া দিয়াছিল কি প্রতিবাদিগণের প্রকাশিত কেবল কোন হিত প্রয়োজনের মূলীভূত হইয়াছিল এমতে উভয়ের উচিত যে উপরোক্ত বিষয়ের প্রমাণ ও তাহা অন্যথার যে কিছু প্রমাণ প্রয়োগ রাখে দুই দিবস মধ্যে দাখিল করে ইতি।

বাদির প্রমাণের প্রসঙ্গ।

১৮৪৪ সালের ২৪ সেপ্টেম্বর তারিখে বাদী যে সকল প্রমাণ দাখিল করে।

১১ নং।

বাদির দেনা লেনার হিসাবী সাবেক পাওনা মবলগে ৩৫০০৲ সাড়ে তিন হাজার টাকা যাহা প্রতিবাদিগণস্থানে ছিল তাহার প্রমাণার্থে ১৮৯৮ সম্বতের উভয়ের দেনা লেনার হিসাবের নকল মায় তাহার তরজমা ও আসল খাতা বহী।

১২ নং।

দাবীর পোষকতার ১৮৪২ সালের ২৩ জুন তারিখের লিখিত বয়নামা ১ কেতা।

১৩ নং।

সাবেক দেনার পরিবর্ত্তে বয়নামার লিখিত ও উভয় বাদিপ্রতিবাদিতে হিসাব নিষ্পত্তি হওনের প্রমাণার্থে ৪ জনা সাক্ষির ইসামনবীসী।

চুনিলাল	১	বালমুকুন্দ	১
গৌরীলাল	১	দুর্গাদীন	১

বাদির প্রমাণের অন্যথায় প্রতিবাদির প্রমাণের প্রসঙ্গ।

২৪ সেপ্টেম্বর তারিখে বাদির প্রমাণের অন্যথার্থে যাহা দাখিল হয়।

১৬ নং।

বাদির উল্লিখিত বিক্রয়পত্র যাথার্থিক নহে কেবল কোন প্রয়োজনার্থে যে লেখা গিয়াছিল তাহার প্রমাণ জন্য ১৮৪২ সালের ২৩ জুন তারিখের লিখিত একরারনামা ১ কেতা।

১৭ নং।

একরারনামার লিখিত ৪ জনা সাক্ষির ইসামনবীসী।

সগ্গা সিংহ ১ দেবকীনন্দন ১
গোলজার সিংহ ১ ভবানী বখ্শ ১

বিচার।

মিছিল তরতীব ও প্রস্তুত হওনের পর এই মোকদ্দমায় যে বিচার হইল তাহার বিবরণ এই যে বাদী উপরোক্ত দাবীতে বয়নামাঅনুসারে নালিশ করিয়াছে আর প্রতিবাদিগণ বয়নামা লিখিয়া দেওয়া হইতে অস্বীকার নহে বরং ইহা প্রকাশ করে যে উক্ত দলীল কেবল কোন হিত প্রয়োজনার্থে বাদির নামে লিখিত হইয়াছিল আর এই বিষয়ের পোষকতায় বাদী আমারদিগকে এক কেতা একরারনামা লিখিয়া দিয়াছে আর বাদির সাবেক পাওনা কোন টাকা আমারদিগের স্থানে ছিল না যে তাহার পরিবর্ত্তে এই দলীল যথার্থ পক্ষে লেখা যাইত এমতে এই মোকদ্দমার বিচার আসামীর ওজরের প্রমাণাপ্রমাণের প্রতি নির্ভর অস্মদের নিকটে মিছিলের অবস্থা দৃষ্টে প্রতিবাদিগণের আপত্তি নিম্নের লিখিত হেতু সকলে প্রমাণ হয় না।

প্রথম এই যে

[এই স্থলে ফয়সলার হেতু সকল বিস্তারিতরূপে লেখা আবশ্যক কিন্তু এই নমুনায় তাহার কিছু লেখার আবশ্যক নাই ইতি।]

এমতে হুকুম হইল যে বাদির দাবী বিরোধীয় তালুকে দখল ও আরজীর লিখিত ওয়াসিলাৎ যাহার সংখ্যার প্রতি প্রতিবাদিগণের কোন আপত্তি নাই আর আগামি কালের ওয়াসিলাৎ দখল পাইবার তারিখতক দেলাইবার আর সরকারী বহিতে ফরিয়াদীর নাম দাখিল হইবার নিমিত্তে বাদির পক্ষে ডিক্রী হয় আর মোকদ্দমার সমুদয় খরচা প্রতিবাদিগণের জিম্মায় লেখা যায় আর বাদী নালিশের দিবসহইতে ফয়সলার দিনপর্য্যন্ত আসল ওয়াসিলাতের সুদ ও ফয়সলার তারিখহইতে আসল ওয়াসিলাৎ ও তাহার সুদ মোট হইয়া তাহার সুদ ও খরচা মায় সুদ ফয়সলার তারিখহইতে উসুলের তারিখপর্য্যন্ত আর নালিশের পরের ওয়াসিলাৎ বাদির দখল পাওনের তারিখতক কালেক্টরীর কাছারির দাখিলী জমাবন্দী কাগজ রুই ফি শত সালিয়ানা দশ টাকা সরঞ্জামী বাদে আসল টাকা দেনা হওনের তারিখহইতে মায় সুদ ১৲ টাকার হিসাবে দেওয়ান যায়।

সেওয়ায় খরচা ফয়সলার তারিখপর্য্যন্ত মোট ডিক্রীর টাকা ৪৩৭ ।/ ৪

নালিশের তারিখ অর্থাৎ ১৮৪৪ সালের ২৩ জুনপর্য্যন্তের আসল ওয়াসিলাতের পরিমাণ ৪০০৲

নালিশের পূর্ব্বের দুই বৎসরের বাবত ২০০৲ দুই শত টাকার উপর ২৪৲

ওয়াসিলাতের টাকার উপর সুদ ৩৭ ।/ ৪

১৮৪৪ সালের ২৩ জুন নালিশের তারিখঅবধি উক্ত সনের ২৩ অক্টোবর ফয়সলার তারিখপর্য্যন্ত সুদ ৪০০৲ টাকার উপর-শতকরা মাসিক ১৲ টাকার হিসাবে গণিত ৩।১০ তিন মাস দশ দিনের কাত কাত ১৩ ।/ ৪

[ইহা কেবল নক্শামাত্র আর ইহা সকল মোকদ্দমার হুকুমের প্রতি দস্তুরল আমল অর্থাৎ নিদর্শনস্বরূপ জ্ঞান হইবেক না যেমত সকল মোকদ্দমার নালিশ উপস্থিত হওনের পূর্ব্বের ওয়াসিলাতের সুদ দেওয়ান যায় না যথা, সদর দেওয়ানী আদালতের চতুর্থ রিপোর্ট বহীর ১৭৬ পৃষ্ঠার ছাপাহওয়া আমমান সিংহদিগর বনাম পরমেশ্বরী

সহায়ের মোকদ্দমা দৃষ্ট্যাবশ্যক কিন্তু কর্জ্জা টাকার অথবা কোন বিশেষ অন্থাবর ওয়াসিলাতের টাকার সুদ দেওয়ান যায় সেই মোকদ্দমা এই নক্শায় লিখিত হইবেক আর যদি নালিশ উপস্থিতের পূর্ব্বের ওয়াসিলাতের সুদ দেওয়ান না যায় তবে এই নক্শার বিশেষ সেই ঘর খালি রাখা যাইবেক ইতি।]

উভয় বিবাদির তরফ মোকদ্দমার খরচার টাকার তফসীল।

বাদির খরচ। প্রতিবাদিগণের খরচ।

ফয়সলার পৃষ্ঠে যাহা লিখিতে হইবেক তাহার নমুনা।

১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখে আসল ফয়সলা প্রস্তুত হইল।

১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখে আসল ফয়সলা প্রস্তুত হওনের সম্বাদ উভয়ের উকীলগণকে দেওয়া গেল।

উক্ত মাহার ১১ তারিখে বাদির উকীল ৪ কেতা ইষ্টাম্প দাখিল করিলেক ইতি।

উক্ত সনের ৪ অক্টোবর তারিখে প্রতিবাদিগণের উকীল ১ কেতা ইষ্টাম্প দাখিল করিলেক উক্ত সনের ১০ অক্টোবর তারিখে প্রতিবাদিগণের উকীল সৈএদ হোসন বখ্শ বাকী তিন কেতা কাগজ দাখিল করিলেক।

[বা]দির উকীল রাম-চরণ লাল প্রতিবাদির উকীল হোসেন বখ্শ।

উক্ত সনের ১৩ অক্টোবর তারিখে উভয়ের ডিক্রীর নকল প্রস্তুত হইয়া আদালতের মোহর ও হাকিমের দস্তখৎ হইল।

উক্ত সনের ১৪ অক্টোবর তারিখে প্রতিবাদিগণের উকীলকে ডিক্রীর নকল দেওয়া গেল।

প্রতিবাদিগণের উকীল হোসেন বখ্শ।

উক্ত সনের ২০ অক্টোবর তারিখে বাদির উকীলকে ডিক্রীর নকল দেওয়া গেল আর বিলম্বের কারণ এই যে বাদির উকীল রোখ্সত লইয়া কাছারীতে হাজির ছিল না ইতি।

বাদির উকীল রাম চরণ লাল।

নানা প্রকার মোকদ্দমা ভিন্ন২ রূপে প্রস্তুত এবং নিষ্পত্তি হওনের সম্ভব হেতু ফয়সলা লিখিবার কালীন শ্রেণীপূর্ব্বক যে সকল বিষয় দৃষ্ট্যাবশ্যক ডিক্রী লিখিবার সময় ডিক্রীনবিসের সম্মুখে থাকিবার জন্য তাহার এক ফিরিস্তি লেখা যাইতেছে।

১। ডিক্রীর শিরোভাগ এবং পার্শ্বের পরিমাণ।

২। ডিক্রীর উপরি ভাগে দস্তুরল আমলের ২ দফার মর্ম্মমত অর্থাৎ সরেনও কি আপীল আর প্রথমত উপস্থিত হওয়া কি সোপর্দ্দীয় মোকদ্দমার দাবীর সংখ্যাসংযুক্ত মোকদ্দমার নম্বর।

৩। ২ দফার লিখিত মতানুসারে ডিক্রীর শিরোভাগ লিখিবার দাঁড়া।

৪। দস্তুরল আমলের ৩ দফার লিখিতমত উভয় বিবাদির ও ওজরদারের নাম উকীলদিগের নামসম্বলিত লিখিতে হইবেক।

৫। দস্তুরল আমলের ৪ দফার লিখিতঅনুসারে দাবীর পরিমাণ ও দাবীর বস্তু ও দাবী লিখিবার দাঁড়া।

৬। ১০ দফার লিখিতমত ফয়সলার পার্শ্বে যে কিছু বিষয়ের চিহ্ন লিখিতে হইবেক।

৭। ৫ দফার মতানুসারে ফয়সলার প্রথমে উভয় বিবাদির ও ওজরদারের ও তাহারদিগের উকীলদিগের উপস্থিত ও অনুপস্থিতের প্রসঙ্গ।

৮। ৫ দফার লিখিত তারিখ সম্বলিত যোত্রহীনতার গ্রাহ্য হওনের প্রার্থনার দরখাস্ত দাখিলের প্রসঙ্গ।

৯। ৫ দফার লিখিত তারিখ সম্বলিত যোত্রহীনতারূপে নালিশ গ্রাহ্য হওনের প্রসঙ্গ।

১০। আরজী দাবী দাখিল হইবার তারিখ মোতাবক তারিখসংযুক্ত।

১১। ৫ দফামত ভিন্ন২ জিলা কি কাছারীর অধীনের জায়দাদের মোকদ্দমা এক কাছারীতে শ্রোতব্য হওনের অনুমতির প্রসঙ্গ।

১২। ৫ দফাঅনুসারে সরকারের নামে নালিশের জওয়াব দিবার অনুমতির প্রসঙ্গ।

১৩। এক কাছারীহইতে অন্য কাছারীতে মোকদ্দমা অর্পণ হওনের প্রসঙ্গ হেতু সম্বলিত।

১৪। উভয় পক্ষের কাহার মৃত্যু হওনের ও অন্য ব্যক্তি তাহার স্থলাভিষিক্ত হওনের প্রসঙ্গ।

১৫। একতরফা বিচার সম্পূর্ণের প্রসঙ্গ যদ্যপি বাদির দাবীর কিঞ্চিৎ অংশ অথবা সমুদয় ডিক্রী হইয়া থাকে।

১৬। ৬ দফার লিখিতঅনুসারে আরজী দাবীর খোলাসা।

১৭। ৬ দফার লিখিতমত অবশিষ্ট আরজীর খোলাসা তাহার দাখিলের তারিখ সহিত।

১৮। ৬ দফার লিখনানুসারে জওয়াবের খোলাসা দাখিলের তারিখ এবং ভিন্ন২ জওয়াব দাখিলের স্থলে প্রতিবাদিগণের নাম সম্বলিত।

১৯। ৬ দফার মতানুসারে অবশিষ্ট আরজীর জওয়াবের খোলাসা দাখিলের তারিখ সংযুক্ত উপর উক্তমতে।

২০। ৬ দফার রীত্যনুসারে জওয়াবল জওয়াবের খোলাসা মায় দাখিলের তারিখ।

২১। ৬ দফার রীত্যনুসারে অবশিষ্ট আরজীর জওয়াবের জওয়াবল জওয়াবের খোলাসা মায় দাখিলের তারিখ।

২২। ৬ দফার লিখনানুসারে হদ্দ জওয়াব সকলের খোলাসা দাখিলের তারিখ ও আসামীগণের নাম সম্বলিত ভিন্ন২ জওয়াব দাবীর স্থলে।

২৩। ৬ দফার মত অবশিষ্ট আরজীর জওয়াবল জওয়াবের হদ্দ জওয়াব সকলের খোলাসা মায় দাখিলের তারিখ।

২৪। ৬ দফামত ওজরদারের ওজরের খোলাসা মায় দাখিলের তারিখ।

[*Government Gazette*, 4th *May*, 1847.]

২৫। ৭ দফামত সন ১৮১৪ সালের ২৬ আইনের দশ ধারার মর্ম্মানুসারে রুবকারির খোলাসা তারিখ সম্বলিত।

২৬। ৮ দফার মর্ম্মানুসারে বাদির পক্ষের দলীলসকলের আর সাক্ষিগণের ফিরিস্তি।

২৭। ৮ দফামত দাবীর মর্ম্মের অথবা পোষকতার দীলল সকলের নকলের খোলাসা যদিস্যাৎ ঐ দস্তাবেজের মজমুন ও এবারত বিরোধীয় মূলীভূত আর মোকদ্দমার বিচার তাহার তদন্তের উপর নির্ভর হয়।

২৮। ৮ দফামত প্রতিবাদির পক্ষের সাক্ষিগণ ও দস্তাবেজসকলের ফিরিস্তি।

২৯। উভয় পক্ষের কোন প্রমাণ প্রয়োগ লওনের দরখাস্ত যে হুকুমের দ্বারা নামঞ্জুর হয় এবং গরহাজিরি জন্য অথবা হাজির থাকিলেও কোন সাক্ষির এজহার যে কোন হুকুমের দ্বারা লিপিবদ্ধ না হয় তাহার খোলাসা হেতু সম্বলিত।

৩০। ৮ দফামতে সাদাকাগজে অথবা ন্যূন মুল্যের কাগজে দীলল দাখিল করণ হেতু উকীলের প্রতি জরিমানার হুকুমের খোলাসা সায় তারিখ।

৩১। উভয় পক্ষকে ইষ্টাম্প করণের উপদেশে কোন দলীল ফেরত দেওনের প্রসঙ্গ তাহার হেতু সম্বলিত।

৩২। ৮ দফামত মোকদ্দমা পুনর্ব্বিচার সুরতে নিষ্পত্তি হইলে পুনর্ব্বিচার গ্রাহ্য হওনের প্রসঙ্গ।

৩৩। মোকদ্দমা সাবেক নম্বরে ফেরত হইবার প্রসঙ্গ উপরি বিচার স্থলের রুবকারির লিখিত হেতু সম্বলিত।

৩৪। ৮ দফামত আমিনের যে কৈফিয়তের উপর মোকদ্দমার বিচার নির্ভর হয় তাহার খোলাসা আর উক্ত বিশেষ মোকদ্দমার তদন্তের বিষয় আমীনের স্থানে হলফ লওনের প্রসঙ্গ।

৩৫। ৮ দফামত আদালতের তলবি ব্যবস্থা ও ফতওয়ার নকল।

৩৬। ৮ দফামত সালিসের ফয়সলাঅনুসারে মোকদ্দমা নিষ্পত্তি হইলে সালিসদিগের ফয়সলার লিখিত বিচারের নকল।

৩৭। ৮ দফামত মোকদ্দমা সোলেনামাঅনুসারে নিষ্পত্তি হইলে উভয় পক্ষের সোলেনামার নকল।

৩৮। ৮ দফামত উভয় পক্ষের কি উভয়ের উকীলের যে সওয়াল জওয়াবের উপর মোকদ্দমার বিচার সম্পর্ক রাখে ঐ সওয়াল ও জওয়াব তারিখ সম্বলিত।

৩৯। ৮ দফামত হাকিমের বিচারের হেতু সকল তাহার এবারত সহিত এবং ফয়সলার হুকুম সম্বলিত।

৪০। ৯ দফামত ফয়সলার হুকুমের এবারত লেখা শেষ হইলে যে টাকা ডিক্রী হয় তাহার আসল ও ফয়সলার তারিখপর্য্যন্ত সুদ সহিতের বিবরণ।

৪১। ৯ দফামত উভয়ের খরচা যাহা এইক্ষণে অথবা আপীলের অবস্থায় পরাজিত ব্যক্তির জিম্মা হইতে পারে তাহার তফসীল।

৪২। দ্বিতীয় ও তৃতীয় বিচারাগারের ফয়সলা সকলে এগার দফার উপর দৃষ্ট্যাবশ্যক।

ফয়সলার পৃষ্ঠে।

৪৩। ১২ দফামত আসল ফয়সলা প্রস্তুত হওনের তারিখ আক্ষরিক ও অঙ্কপাত সহিত কেবল অঙ্ক নহে

৪৪। ১২ দফামত উভয় পক্ষের উকীলকে আসল ডিক্রী প্রস্তুতের দিনহইতে সংবাদ দিবার তারিখ উপর উক্ত মত উহারদিগের দস্তখৎযুক্ত।

৪৫। ১২ দফার মত ইষ্টাম্প কাগজ যতবার যত খানা দাখিল হয় তাহার দাখিলের তারিখ উপর উক্তমত।

৪৬। ১২ দফামত নকল ডিক্রী প্রস্তুত হওনের তারিখ উপর উক্তমত।

৪৭। ১২ দফামত নকল ডিক্রী তাহার প্রাপক ব্যক্তিকে দেওনের তারিখ উপর উক্তমত।

৪৮। সকল ডিক্রী তাহার প্রাপক ব্যক্তিকে দেওনে যে বিলম্ব হইয়া থাকে তাহার হেতু।

৪৯। যে সকল তারিখ বিচারের সহিত সম্পর্ক রাখে তাহার মতাবক আর উভয় বিবাদির ও মৌজা সকলের ও পরগনা সকলের নাম নিঃসন্দিগ্ধ অক্ষরে নোক্ত: অর্থাৎ বিন্দু সহিতে লিখিতে হইবেক।

MEDICAL COLLEGE.

13TH YEAR—SESSION 1847-48.

SUMMER TERM.

The first division of the Session will commence on Tuesday, the 15th of June 1847, and continue until the 15th November, when lectures will be delivered on the following subjects:

ANATOMY AND PHYSIOLOGY, By *J. T. Pearson, Esq.* ...	On Mondays, Tuesdays, Thursdays and Saturdays, at 11 A. M.
ANATOMICAL DEMONSTRATIONS. ... ... By *A. Webb, Esq.*, ...	On Mondays, Wednesdays and Fridays, from 12 to 1 P. M.
BOTANY, ... By *J. McClelland, Esq.* ...	On Tuesdays and Thursdays, at 10 A. M. Weekly visits to the Gardens on Saturdays.
CHEMISTRY, ... By *A. Robertson, Esq.*, ...	Daily, from 3 to 4 P. M.

মেডিকাল কালেজ।

ত্রয়োদশ বৎসর। সেশন ১৮৪৭। ৪৮।

গ্রীষ্মকালীন বৈঠক।

বৈঠকের প্রথমাংশ ১৮৪৭ সালের ১৫ জুন তারিখ মঙ্গলবারে আরম্ভ হইয়া নবেম্বর মাসের ১৫ তারিখপর্য্যন্ত চলিবেক। সেই সময়ে এই২ বিষয়ের শিক্ষা দেওয়া যাইবেক।

ব্যবচ্ছেদ বিদ্যার ও দ্রব্যের তত্ত্বজ্ঞানের শিক্ষা শ্রীযুত জে টি পিয়র্সন সাহেব দিবেন	সোমবার মঙ্গলবার বৃহস্পতিবার ও শনিবার বেলা ১১ ঘন্টার সময়ে।
ব্যবচ্ছেদ বিদ্যার প্রমাণ শ্রীযুত এ উএব সাহেব দিবেন	সোমবার বুধবার এবং শুক্রবার বেলা ১২ অবধি ১ পর্য্যন্ত।
উদ্ভিদ্‌বিদ্যা। শ্রীযুত জে মাক্লেলাণ্ড সাহেব	মঙ্গলবার ও বৃহস্পতিবার বেলা ১০ ঘন্টা। শনিবারে কোম্পানির বাগানে ভ্রমণ হইবেক।
কিমিয়া বিদ্যা। শ্রীযুত এ রাবর্টসন সাহেব	প্রতিদিন ৩ ঘন্টাঅবধি ৪ ঘন্টাপর্য্যন্ত।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ৪ মে।]

PRINCIPLES AND PRACTICE OF MEDICINE, ... By *J. Jackson, Esq., M. B.,*	On Tuesdays, Thursdays and Saturdays, from 2 to 3 P. M.
PRINCIPLES OF SURGERY, ... By *R. O'Shaughnessy, Esq.,*	On Mondays and Wednesdays, from 2 to 3 P. M.
CLINICAL DITTO .. ... By *Ditto.,*	On Fridays, from 1 to 2 P. M.
MATERIA MEDICA AND THERAPEUTICS, ... By *Dr. Mouat,*	Daily, from 10 to 11 A. M.
MIDWIFERY, ... By *Dr. Stewart,*	On Tuesdays, Wednesdays, Fridays and Saturdays, at 3 P. M.

HOSPITAL ATTENDANCE.

MALE HOSPITAL, ... *Medical Visit,*	From 6 to 7 A. M. daily, and on Tuesdays, Thursdays and Saturdays, from 1 to 2 P. M.
Surgical Visit, ...	At 1 P. M. daily.
FEMALE AND LYING-IN HOSPITAL, ...	Wednesdays and Fridays, from 1 to 2 P. M.

OUT-DOOR DISPENSARY, from 7 to 10 A. M. daily, and from 5 to 6 P. M.

A general introductory lecture will be delivered on the 15th June, by Professor STEWART, M. D., to open the Session.

(By Order,)

FRED. J. MOUAT, *M. D.,*
Secretary.

Medical College, the 20th April, 1847.

ঔষধের মুল নিয়ম ও ব্যবহারের শিক্ষা। শ্রীযুত ডাক্তর জেক্সন সাহেব	মঙ্গলবার বৃহস্পতিবার ও শনিবার বেলা ২ ঘণ্টাঅবধি ৩ ঘণ্টা পর্য্যন্ত।
অস্ত্রচিকিৎসা বিদ্যার মূলনিয়ম। শ্রীযুত আর ওশাগনেসি সাহেব	সোমবার ও বুধবার বেলা ২ ঘণ্টাঅবধি ৩ ঘণ্টা পর্য্যন্ত।
শয্যাগত ব্যক্তিরদের অস্ত্র চিকিৎসা। ঐ সাহেব	শুক্রবারে বেলা ১ ঘণ্টাঅবধি ২ ঘণ্টা পর্য্যন্ত
মাটিরিয়া মেডিকা এবং রোগের উপশমক বিদ্যা। শ্রীযুত ডাক্তর মৌআট সাহেব ...	প্রতিদিন বেলা ১০ ঘণ্টাঅবধি ১১ ঘণ্টা পর্য্যন্ত।
ধাত্রীত্ব বিদ্যা। শ্রীযুত ডাক্তর ষ্টুয়ার্ট সাহেব	মঙ্গলার বুধবার শুক্রবার শনিবার বেলা ৩ ঘণ্টা সময়ে।

হাসপাটালে রোগিরদের সেবা।

পুরুষেরদের হাসপাতালে চিকিৎসা করণার্থ গমন। ...	প্রতিদিন পূর্ব্বাহ্নে ৬ ঘণ্টাঅবধি ৭ ঘণ্টা পর্য্যন্ত এবং মঙ্গল ও বৃহস্পতি ও শনিবারে বেলা ১ ঘণ্টাঅবধি ২ ঘণ্টা পর্য্যন্ত।
অস্ত্র ব্যবহারার্থ গমন। ...	প্রতিদিন বেলা ১ ঘণ্টা সময়ে।
স্ত্রীলোকেরদের ও ধাত্রী সম্বন্ধীয় হাসপাটাল।	মঙ্গলবার ও শুক্রবার বেলা ১ ঘণ্টা অবধি২ ঘণ্টাপর্য্যন্ত।
বাহিরের ঔষধালয়।	প্রতিদিন পূর্ব্বাহ্নে ৭ ঘণ্টাঅবধি ১০ ঘণ্টা পর্য্যন্ত। অপরাহ্নে ৫ ঘণ্টাঅবধি ৬ ঘণ্টা পর্য্যন্ত

উক্ত বৈঠকের আরম্ভে জুন মাসের ১৫ তারিখে শ্রীযুত ডাক্তর ষ্টুয়ার্ট সাহেব শিক্ষার ভূমিকাস্বরূপ সাধারণ বক্তৃতা করিবেন।

(হুকুমক্রমে।)

এফ জে মৌআট। সেক্রেটারী।

মেডিকাল কালেজ। ১৮৪৭ সাল ২০ আপ্রিল।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 28th April, 1847.

LEAVE OF ABSENCE.

Fuzloollah, Moonsiff of Beergunge, Zillah Dinagepore, for 3 days from the 6th Proximo.

W. KIRKPATRICK, *Deputy Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

১৮৪৭ সাল ২৮ আপ্রিল।

ছুটী।

জিলা দিনাজপুরের বীরগঞ্জের মুনসেফ শ্রীযুত ফজলউল্লা আগামি মাসের ৬ তারিখঅবধি তিন দিনের ছুটী পাইয়াছেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

নিয়োগ।

১৮৪৭ সাল ২৪ আপ্রিল।

শ্রীযুত কাপ্তান মাকফর্সন সাহেবের (Captain MacPherson,) পরিবর্ত্তে মান্দ্রাজ দেশীয় ৪১ সংখ্যক পল্টনের লেপ্টেনেণ্ট কর্নেল শ্রীযুত জান কাম্বেল সাহেব (Lieut. Col. John Campbell,) বাঙ্গলা রাজধানীর অন্তঃপাতি উড়িষ্যা দেশের পর্ব্বতীয় স্থানে মরিয়া নামক নরবলি ও বালিকারদের হত্যানিবারণার্থ এজেন্ট হইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[*Government Gazette, 4th May,* 1847.]

৮৩৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ২১ আপ্রিল।

কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ এন্সলি সাহেব (Mr. W. Ainslie,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

মেদিনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জি সি চাপমান সাহেব (Mr. G. C. Chapman,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৭ সাল ২৪ আপ্রিল।

শ্রীযুত জি এ পেপ্পর সাহেব (Mr. G. A. Pepper,) বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত এফ জে কোবর্ণ সাহেব (Mr. F. J. Cockburn,) চাম্পারণের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত এচ সি রেকস সাহেব (Mr. H. C. Raikes,) ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

১৮৪৭ সাল ২৬ আপ্রিল।

শ্রীযুত ই বেন্টাল সাহেব (Mr. E. Bentall,) বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি জিলা চব্বিশপরগনার ও হুগলীর ও নদীয়ার ও পূর্ব্ব বর্দ্ধমানের অতিরিক্ত সেশন জজ হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ২৮ আপ্রিল।

মুরশিদাবাদের মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এচ নেলসন সাহেবকে (Mr. H. Nelson,) গত জানুআরি মাসের ২০ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা বর্ত্তমান মাসের ১৬ তারিখঅবধি রহিত হইল। সেই তারিখে তিনি আপন কর্ম্মস্থানে প্রত্যাগমন করেন।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ২৮ আপ্রিল।

শাহাবাদের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ বি ব্রৌনলো সাহেব (Mr. H. B. Brownlow,) বর্ত্তমান মাসের ১০ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জে গ্রান্ট সাহেব (Mr. Jas. Grant,) বর্ত্তমান মাসের ২১ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমিনের প্রতি অর্পণ করেন।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওয়ায়াট সাহেব (Mr. T. Wyatt,) বর্ত্তমান মাসের ১৯ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার একটিং প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

রঙ্গপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত এ জি মাকডনাল্ড সাহেব (Mr. A. G. Macdonald,) বর্ত্তমান মাসের ২১ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত এ টি ডি কনিংহাম সাহেবের (Mr. A. T. D. Cunyngham,) প্রতি অর্পণ করেন্।

মালদহের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr. F. B. Kemp,) বর্ত্তমান মাসের ২০ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ৪ মে।]

৮৭৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ২৮ আপ্রিল।

ভারতবর্ষের গবর্ণমেন্টের সম্মতিক্রমে শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেব নীচের লিখিত নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত সর্ রাবর্ট বার্লো সাহেব (Sir Robert Barlow, Bart.) সদর্ আদালতের এক জন জজ হইবেন।

শ্রীযুত ডবলিউ বি জাকসন সাহেব (Mr. W. B. Jackson,) কিঞ্চিৎ কালের নিমিত্তে সদর আদালতের এক জন জজ হইবেন এবং ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

শ্রীযুত ডেপুটী গবর্নর্ সাহেব নীচের লিখিত নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত টি টেলর সাহেব (Mr. T. Taylor,) ১৪ সংখ্যক অর্থাৎ মুরশিদাবাদ এলাকার রাজস্বের কমিস্যনর হইবেন।

শ্রীযুত আর ই কনলিফ সাহেব (Mr. R. E. Cunliffe,) ময়মুনসিংহের সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত সি টটনহাম সাহেব (Mr. C. Tottenham,) ঢাকার কালেক্টর হইবেন।

শ্রীযুত আর আবরক্রম্বি সাহেব (Mr. R. Abercrombie,) ঢাকার মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত বি এচ কুপর সাহেব (Mr. B. H. Cooper,) পাবনাতে দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

উপরের লিখিত সকল নিয়োগ গত মাসের ১০ তারিখঅবধি চলিবেক।

শ্রীযুত এচ এফ জেম্স সাহেব (Mr. H. F. James,) যশোহরের সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ পিগু সাহেব (Mr. A. Pigou,) দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত উএল বর্ণ সাহেব (Mr. Wale Byrne,) কলিকাতার ডেপুটী কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত কলিকাতার জরীপী কর্ম্মের ভার কিঞ্চিৎ কালের নিমিত্তে গ্রহণ করিবেন।

ছুটী।

১৮৪৭ সাল ২৮ আপ্রিল।

হুগলীর প্রধান সদর আমীন শ্রীযুত জে রাইলি সাহেব (Mr. J. Reily,) গত মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ৩০ আপ্রিল।

শ্রীযুত এ টি ডিক কনিংহাম সাহেবকে (Mr. A. T. Dick Cunyngham,) বর্ত্তমান মাসের ৫ তারিখে যে এক মাসের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ১ মে।

ঢাকার কালেক্টর শ্রীযুত সি টটনহাম সাহেব (Mr. C. Tottenham,) গত মাসের ২৪ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

১ তালুক জোয়ার রটস্তী পরগনে জাফেরাবাদ রফিয়ানগর রকম ।৶০ আনা ও তস্য সামিলাত

১ তালুক তপ্পে আজিমপুর

১ তালুক মৌজে বড় বাগদিয়া খারিজা পরগনে চন্দ্রদ্বীপ জাফরাবাদ রফিয়ানগর

১ তালুক জোয়ার ডাকাতি ও সোমখুটী খারিজা পরগনে বুজরগোমেদপুর

১ তালুক মৌজে চারাখালি রকম ।০ আনা মুদাফত তালুক রামনরসিংহ দত্ত হকিয়ত কাশীনাথ দত্ত ও কৃষ্ণদাস দত্ত

১ তালুক জোয়ার গোদাণ্ডা খারিজা পরগনে বুজরগোমেদপুর

১ তালুক কিসমত উজিরপুরওগয়রহ খারিজা পরগনে বেজুরা

১ তালুক মৌজে চারাখালি তালুক লক্ষ্মীনারায়ণ দত্ত রকম ৬।৷= হকিয়ত বংশীচন্দ্র দত্ত

কিসমত বড়পাশা

মহল জলকর

দাউদ খালি

১ হাওলা মৌজে বুলিয়া সামিল তালুক শম্ভুচন্দ্র সেন দীগর

জেলা মাইমনসিং।

১ জমীদারি পরগনে জোয়ানসাহী রকম ॥১৪৶ ও তস্য সামিলাত

১ তালুক জোয়ার বরমী তপ্পে রং বাওয়ান মুদাফত তালুক মামুদ একবাল রকম /৫ গণ্ডা

আর২ বৃত্তান্ত রিশীবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন

রিশীবর আফিস কোর্ট হৌস তাং ১০ এপ্রেল ১৮৪৭।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ৪ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 11, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ১১ মে।

ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE.
THE 1ST MAY, 1847.

The following Act is passed by the Honourable the President of the Council of India in Council on the 1st May 1847, with the assent of the Right Honourable the Governor General of India, which has been read and recorded.

Ordered, that the Act be promulgated for general information.

ACT No. VII. OF 1847.

An Act to regulate Distresses for Small Rents in Calcutta.

I. It is hereby enacted, that it shall be lawful for the Commissioners of the Court of Commissioners for the Recovery of Small Debts in and for the Settlement of Fort William in Bengal to appoint four or more persons to be Bailiffs and Appraisers for the purposes of this Act, and to fix such remuneration for the services of the said Officers as shall appear to the said Commissioners expedient, and that such persons shall be duly sworn before the said Commissioners, and shall also give security to be approved by the said Commissioners faithfully to discharge the duties of their office, and that the said Commissioners shall have power to suspend or remove such persons so appointed, provided that it shall be lawful for the said Commissioners to appoint the Bailiffs who may be attached from time to time to the said Court to the office of Distraining Bailiffs and Appraisers for the purposes of this Act, and to award to the said Officers such remuneration in addition to their re-

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৭ সাল ১ মে।

ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের সম্মতিক্রমে পশ্চাৎ লিখিত আইন ১৮৪৭ সালের ১ মে তারিখে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে জারী করিলেন। শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের ঐ সম্মতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে অর্পণ হইয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল ৭ আইন।

শহর কলিকাতার অল্প ভাড়ার নিমিত্তে ক্রোকের বিষয়ি নিয়ম করণের আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর মধ্যে ও তাহার নিমিত্তে অল্প কর্জ আদায়ের নিমিত্তে যে কোর্ট কমিস্যনর * স্থাপন আছে সেই আদালতের কমিস্যনরেরা এই আইনের অভিপ্রায়ের নিমিত্তে চারি বা ততোধিক ব্যক্তিকে বেইলিফ অর্থাৎ সারজন এবং যাচনদারের পদে নিযুক্ত করিতে পারেন্ এবং ঐ কর্ম্মকারকেরদের মেহনতের নিমিত্তে যে মেহনতানা ঐ কমিস্যনরেরদের উচিত বোধ হয় তাহা নিরূপণ করিতে পারেন্ এবং ঐ২ ব্যক্তি ঐ কমিস্যনরেরদের সম্মুখে রীতিমত শপথ করিবেক এবং আপন২ পদের কার্য্য বিশ্বস্তরূপে নির্ব্বাহ করণের বিষয়ে ঐ২ কমিস্যনরের মঞ্জুরহওয়া জামিন দিবেক এবং ঐ কমিস্যনরেরা এইরূপে নিযুক্ত ঐ ব্যক্তিরদিগকে স্থগিত করিতে অথবা তগীর করিতে পারিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ আদালতে সময়ক্রমে যে২ বেইলিফ নিযুক্ত থাকে তাহারদিগকে ঐ কমিস্যনরেরা এই আইনের অভিপ্রায়ের নিমিত্তে ক্রোককারি বেইলিফ ও যাচনদারের পদে নিযুক্ত করিতে পারেন্ এবং ঐ২ কর্ম্মকারক ঐ আদালতে এক্ষণে যে মাহিয়ানা পাইতেছে তা-

* এই কোর্ট কমিস্যনর সামান্যতঃ ছোট আদালত নামে বিখ্যাত আছে।

spective salaries drawn from the said Court as to the said Commissioners shall appear expedient.

II. And it is hereby enacted, that it shall be lawful for any Commissioner of the said Court, upon the Affidavit in the Form contained in the Schedule to this Act annexed (marked D.), of any party claiming to be entitled to arrears of rent of any House or Premises situate in Calcutta, not exceeding the amount of 100 Rupees, or in case of absence of such party from Calcutta, or in case of respectable females who do not appear in public, upon the Affidavit of the Constituted Attorney of such party, stating the amount of such arrears and for what time and at what rate the same became due, to issue a warrant under his hand and seal in the Form contained in the Schedule to this Act annexed (marked A.) addressed to any one of such Officers, directing him to levy the amount of such rent, together with the costs of the said distress in the manner therein mentioned, provided that it shall be lawful for any of the said Commissioners upon personal examination of the party applying for such warrant, to grant or withhold the same at the discretion of the said Commissioner.

III. And it is hereby enacted, that by virtue of such warrant it shall be lawful for such Officer to seize the whole or such part of the Goods and Chattels upon the said Premises as shall be sufficient to cover the amount of the said rent, together with the costs of the said distress, and that he shall thereupon make an Inventory of the Goods and Chattels so seized, and shall give a notice in writing in the Form in the Schedule to this Act annexed (marked B.) to the party from whom such rent is claimed to be due, or to any other person upon behalf of such party upon the said Premises that the said Goods and Chattels will be appraised and sold in manner therein mentioned. And that the said Officer shall file in the said Court true copies of the said Inventory and Notice, provided that it shall be lawful for the party from whom such rent is claimed to be due, at any time within five days from such seizure, to apply to any Commissioner of the said Court to discharge or suspend such warrant, and it shall be lawful for such Commissioner to discharge or suspend such warrant accordingly, with or without costs, provided always that it shall be lawful for any of the said Commissioners in his discretion to give reasonable time to such party to pay the said rent.

IV. And it is hereby enacted, that in default of such application, it shall be lawful for any two of such Officers, at the expiration of five days from such seizure, to appraise the Goods and Chattels so seized, and to give notice in writing in the Form in the Schedule to this Act annexed (marked E.) of the sale thereof, at such time and place as they shall direct, after an interval of not less than two days, and that they shall file in the said Court a true copy of the said Notice, and that the same shall be sold accordingly, and that the said Officers

হার অতিরিক্ত যে মেহনতানা ঐ কমিস্যনর সাহেবেরা উচিত বোধ করেন তাহা তাঁহারা নিরূপণ করিতে পারেন্ ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে কোন ব্যক্তি শহর কলিকাতার মধ্যস্থিত কোন বাটী বা ভূমিপ্রভৃতির ভাড়ার ১০০৲ টাকার অনধিক বাকীর দাওয়া করে সেই ব্যক্তি কিম্বা সেই ব্যক্তি শহর কলিকাতাতে অনুপস্থিত থাকিলে কি সেই ব্যক্তি পর্দ্দানসী স্ত্রী হইলে তাহার নিযুক্ত মোখ্তার যদি ঐ বাকীর সংখ্যা এবং তাহা কত দিনের বাকী এবং কি হারে ভাড়া নির্দ্দিষ্ট ছিল এই সকল এই আইনের শেষের লিখিত D চিহ্নিত তফসীলের পাঠানুসারে একটা সুকৃতিপত্র লিখিয়া দাখিল করে তবে ঐ আদালতের কোন কমিস্যনর এই আইনের শেষের লিখিত A চিহ্নিত তফসীলের পাঠানুসারে ঐ২ কর্ম্মকারকের কোন এক জনকে আপনার দস্তখৎ ও মোহরকরা এক ওয়ারণ্ট দিতে পারেন্ এবং ঐ ওয়ারণ্টের নির্দ্দিষ্টমতে ঐ ভাড়ার টাকা উক্ত ক্রোকের মায় সকল খরচা আদায় করিবার হুকুম ঐ ওয়ারণ্টে থাকিবেক কিন্তু জানা কর্ত্তব্য যে উক্ত কমিস্যনরেরদের মধ্যে কোন এক জন ঐ ওয়ারণ্টের দরখাস্তকারি ব্যক্তির জোবানবন্দী স্বয়ং লইয়া আপন বিবেচনামতে তাহা দিতে স্বীকার বা অস্বীকার করিতে পারেন্ ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ ওয়ারণ্টের শক্তিক্রমে ঐ ভাড়ার টাকা এবং উক্ত ক্রোকের মায় খরচা শোধ করণের উপযুক্ত উক্ত বাটীপ্রভৃতিতে পাওয়া জিনিস ও সম্পত্তির সমুদয় বা কতক অংশ ঐ কর্ম্মকারক ক্রোক করিতে পারে এবং তাহা হইলে সে ব্যক্তি ঐরূপ ক্রোককরা জিনিস ও সম্পত্তির এক তালিকা প্রস্তুত করিবেক এবং যে ব্যক্তির স্থানে ঐ ভাড়ার দাওয়া হইয়াছে তাহাকে অথবা ঐ বাটীপ্রভৃতিতে তাহার পক্ষে অন্য যে কোন ব্যক্তি থাকে তাহাকে এই আইনের শেষের লিখিত B চিহ্নিত তফসীলের পাঠানুসারে লিখিত এই এত্তেলা দিবেক যে ঐ এত্তেলার মধ্যে লিখিত মতে ঐ জিনিস এবং সম্পত্তি যাচাই ও বিক্রয় হইবেক। এবং ঐ কর্ম্মকারক ঐ তালিকা এবং এত্তেলার যথার্থ নকল ঐ আদালতে দাখিল করিবেক কিন্তু জানা কর্ত্তব্য যে যে ব্যক্তির স্থানে ঐ ভাড়ার দাওয়া হইয়াছে সেই ব্যক্তি ক্রোকহওনের পর ৫ পাঁচ দিনের মধ্যে কোন সময়ে ঐ আদালতের কোন এক জন কমিস্যনরের নিকটে ঐ ওয়ারণ্ট রহিত অথবা স্থগিত করণের দরখাস্ত করিতে পারে এবং তদনুসারে ঐ কমিস্যনর ঐ ওয়ারণ্ট মায় খরচা বা খরচা বিনা রহিত বা স্থগিত করিতে পারেন্ কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ কমিস্যনরেরদের মধ্যে কোন এক জন আপন বিবেচনাক্রমে ঐ ব্যক্তিকে ঐ ভাড়ার টাকা দিবার নিমিত্ত উপযুক্ত মিয়াদ দিতে পারেন্ ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐরূপ দরখাস্ত যদি না করা যায় তবে ঐ কর্ম্মকারকেরদের মধ্যে কোন দুই জন ক্রোক করণঅবধি ৫ পাঁচ দিন অতীত হইলে পর ঐ ক্রোকহওয়া জিনিস ও সম্পত্তি যাচাই করিতে পারে এবং তৎপরে অন্যূন দুই দিন অতীত হইলে পর যে সময় ও যে স্থান তাহারা নিরূপণ করে সেই সময় ও স্থানে নীলাম হওনের এত্তেলা এই আইনের শেষের লিখিত E চিহ্নিত তফসীলের পাঠানুসারে লিখিয়া দিতে পারে এবং তাহারা ঐ এত্তেলার যথার্থ নকল ঐ আদালতে দাখিল করিবেক এবং ঐ জিনিস তদনুসারে বিক্রয় হইবেক এবং ঐ নীলামের উৎপন্ন টাকা আদায় করণের পর ঐ কর্ম্মকারকেরা তৎক্ষণাৎ

shall forthwith after realization of the produce of the said sale, pay over the amount thereof to the Chief Clerk of the said Court, and the amount of such produce shall be applied in satisfaction of the sum claimed to be due, together with the costs of the said distress, and that the surplus, if any, shall be returned to the party from whom the said rent was claimed to be due, provided that it shall be lawful for such party to direct that such sale shall take place in any other manner, such party giving security for any extra costs attending such mode of sale.

V. And it is hereby enacted, that no costs shall be taken or demanded for such distress except those contained in the Schedule to this Act annexed (marked C.), and that it shall be lawful for the said Commissioners to apply the sum so raised as costs, towards the payment of the contingent charges and remuneration of the said Bailiffs and Appraisers as shall appear to the said Commissioners expedient, and that the Chief Clerk of the said Court shall keep a book in which all sums received as costs upon distresses made under the provisions of this Act, and all sums paid as remuneration to the said Bailiffs and Appraisers, and all contingent charges incurred in respect of such distresses shall be duly entered, and that the Chief Clerk of the said Court shall also enter in the said book all sums realized by sale of the Goods and Chattels distrained and paid over to the landlords under the provisions of this Act.

VI. And it is hereby enacted, that after the passing of this Act no distress shall be levied for arrears of rent amounting to Rupees 100, or less except under the provisions of this Act, and that any person, except such Officer as appointed, levying or attempting to levy any such distress, shall be guilty of a misdemeanor and shall be liable to be punished by fine and imprisonment for the same in addition to any other liability he may have incurred by such trespass.

VII. And it is hereby enacted, that this Act shall not extend to any arrears of rent exceeding 100 Rs., nor in respect of any House or Premises situate out of Calcutta, nor to any rent due to Government, nor to any seizure except on the Premises in respect of which such rent is claimed.

G. A. BUSHBY, *Secy. to the Govt. of India.*

A.

In the Court of Commissioners for the Recovery of Small Debts in and for the Settlement of Fort William in Bengal.

Form of Warrant.

I hereby direct you to distrain the Goods and Chattels on the Premises of A. B., situate in ——— in the Town of Calcutta, for the sum of ——— Rs., being the amount of ——— months' rent due to C. D., for the same on the ——— day of ——— last according to the provisions of the Act No. VII. of 1847. Dated 1st day of May. (Signed and Sealed)

To E. F., *Sworn Bailiff and Appraiser.*

[*Government Gazette, 11th May,* 1847.]

তাহা ঐ আদালতের চিফ ক্লার্ককে অর্থাৎ প্রধান কর্ম্মকারককে দিবেক এবং ঐ নীলামের উৎপন্ন টাকা লইয়া দাবীর টাকা এবং ঐ ক্রোকের খরচা পরিশোধ হইবেক এবং যদি কিছু টাকা অবশিষ্ট থাকে তবে যে ব্যক্তির স্থানে ভাড়ার দাওয়া হইয়াছিল তাহাকে তাহা ফিরাইয়া দেওয়া যাইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ ব্যক্তি অন্য কোন প্রকারে ঐ নীলাম হওনের হুকুম দিতে পারে কিন্তু এমত হইলে ঐ অন্য প্রকার নীলামে যে উপরি খরচ লাগে তাহার নিমিত্তে ঐ ব্যক্তির জামিন দিতে হইবেক ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের শেষের লিখিত C চিহ্নিত তফসীলে যে খরচা নির্দ্দিষ্ট আছে তাহা ছাড়া ঐ ক্রোকের নিমিত্তে আর কোন খরচা লওয়া যাইবেক না ও দাওয়া হইবেক না এবং খরচার বাবতে এইরূপে যে টাকা আদায় হয় তাহা ঐ কমিস্যনরেরদের যেরূপ উচিত বোধ হয় সেইরূপে তাঁহারা ঐ বেইলিফ এবং যাচনদারের উপরি খরচ এবং মেহনতানাতে ব্যয় করিতে পারেন এবং ঐ আদালতের চিফ ক্লার্ক এক বহী রাখিবেন এবং এই আইনের বিধির অনুসারে ক্রোকী খরচার যে সকল টাকা আদায় হয় তাহা এবং ঐ বেইলিফ এবং যাচনদারেরদের মেহনতানার নিমিত্তে যে সকল টাকা দেওয়া যায় তাহা এবং ঐ ক্রোকপ্রযুক্ত যে সকল উপরি খরচ লাগিয়াছে তাহা ঐ বহীর মধ্যে রীতিমত লেখা যাইবেক এবং ক্রোকহওয়া জিনিস ও সম্পত্তি বিক্রয়ের দ্বারা যে সকল টাকা আদায় হয় এবং এই আইনের বিধির অনুসারে বাটীপ্রভৃতির মালিককে দেওয়া যায় তাহাও ঐ বহীর মধ্যে ঐ চিফ ক্লার্ক লিখিবেন ইতি।

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারীহওনের পর ভাড়ার বাকী ১০০৲ টাকার কিম্বা তাহার কম টাকার বিষয়ি ক্রোক কেবল এই আইনের বিধির অনুসারে হইবেক এবং এই আইনক্রমে নিযুক্ত কর্ম্মকারকছাড়া যদি অন্য কোন ব্যক্তি ঐরূপ জিনিস ক্রোক করে বা ক্রোক করিতে উদ্যত হয় তবে সে অপরাধ করিয়াছে বোধ হইবেক এবং ঐরূপ বেআইনমতে বাটীতে প্রবেশ করণের নিমিত্ত তাহার অন্য যে কোন দায় পড়ে তাহার অতিরিক্ত সেই ব্যক্তি জরীমানা ও কয়েদের দণ্ডের যোগ্য হইবেক ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ভাড়ার ১০০৲ টাকার ঊর্দ্ধ বাকীর বিষয়ে এবং কলিকাতার মধ্যস্থিত কোন বাটী বা ভূমিছাড়া অন্য কোন বাটীর বিষয়ে অথবা সরকারের পাওনা কোন ভাড়ার বিষয়ে এই আইন খাটিবেক না এবং যে বাটীপ্রভৃতির ভাড়ার বিষয়ে দাওয়া হয় সেই বাটীতে ক্রোককরা জিনিসভিন্ন আর কোন ক্রোকের বিষয়ে এই আইন খাটিবেক না ইতি।

জি এ বুশবি।

ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

A চিহ্নিত তফসীল

বাঙ্গলা দেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীতে ও রাজধানীর মধ্যে অল্প কর্জ আদায়ের নিমিত্তে কমিস্যনরেরদের আদালতে।

ওয়ারন্টের পাঠ।

আমি তোমাকে ইহার দ্বারা হুকুম দিতেছি যে অমুক মাসের অমুক দিবসে অমুক ব্যক্তির এত মাসের যে ভাড়া পাওনা ছিল অর্থাৎ এত টাকা তাহার নিমিত্ত শহর কলিকাতার অমুক রাস্তায় স্থিত অমুক ব্যক্তির বাটীতে যে জিনিস ও সম্পত্তি আছে তাহা ১৮৪৭ সালের ৭ আইনের বিধানানুসারে ক্রোক কর তারিখ ১ মে।

(সহী ও মোহর।)

অমুক শপথকরা বেইলিফ ও যাচনদার প্রতি আগে।

B.

In the Court of Commissioners for the Recovery of Small Debts in and for the Settlement of Fort William in Bengal.

Form of Inventory and Notice.

(State particulars of Goods seized.)

Take Notice that I have this day seized the Goods and Chattels contained in the above Inventory for the sum of —— Rs., being the amount of —— months' rent due to C. D. at —— last, and that unless you pay the amount thereof, together with the Costs of this Distress within five days from the date hereof, or obtain an order from one of the Commissioners of the Court of Requests to the contrary, the same will be appraised and sold pursuant to the provisions of the Act No. VII. of 1847.

(Signed) E. F.,
Sworn Bailiff and Appraiser.

To A. B.

B চিহ্নিত তফসীল।

বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীতে ও রাজধানীর মধ্যে অল্প কর্জ আদায়ের নিমিত্তে কমিস্যনরেরদের আদালতে।

তালিকা ও এত্তেলার পাঠ।

(ক্রোকহওয়া জিনিসের বেওরা এই স্থানে লিখিতে হইবেক।)

তোমাকে জানান যাইতেছে যে গত অমুক দিবসে অমুক ব্যক্তির যে এত মাসের ভাড়া পাওনা ছিল তাহার সংখ্যা এত টাকার নিমিত্ত আমি অদ্য উক্ত তালিকাতে লিখিত জিনিস ও সম্পত্তি ক্রোক করিয়াছি এবং ইহার তারিখের পর ৫ পাঁচ দিবসের মধ্যে যদি তুমি ঐ টাকা এবং এই ক্রোকের মায় খরচা না দেও অথবা নাদিবার কোন হুকুম কোর্ট রিকেষ্টের কোন এক জন কমিস্যনরের স্থানহইতে না আন তবে তাহা ১৮৪৭ সালের ৭ আইনের বিধানানুসারে যাচাই ও বিক্রয় হইবেক।

অমুক।
শপথকরা বেইলিফ ও যাচনদার।

অমুক প্রতি আগে।

C.

In the Court of Commissioners for the Recovery of Small Debts in and for the Settlement of Fort William in Bengal.

Scale of Fees to be levied in Distraints for House Rent.

Sums sued for.	Affidavit and Warrant to Distrain.	Order to Sell.	Commission.	Total.	Remarks.
1 and under 5 Rs. ...	4 Annas, ...	8 Annas, ...	8 Annas, ...	Rs. 1 4	
5 and under 10 Rs. ...	8 Annas, ...	8 Annas, ...	Rs. 1-0, ...	" 2 0	
10 and under 15 Rs. ...	8 Annas, ...	8 Annas, ...	Rs. 1-8, ...	" 2 8	
15 and under 20 Rs. ...	8 Annas, ...	1 Rupee, ...	Rs. 2-0, ...	" 3 8	
20 and under 25 Rs. ...	12 Annas, ...	1 Rupee, ...	Rs. 2-8, ...	" 4 4	
25 and under 30 Rs. ...	1 Rupee, ...	1 Rupee, ...	Rs. 3-0, ...	" 5 0	
30 and under 35 Rs. ...	1 Rupee, ...	1 Rupee, ...	Rs. 3-8, ...	" 5 8	
35 and under 40 Rs. ...	1 Rupee, ...	Rs. 1-8, ...	Rs. 4-0, ...	" 6 8	
40 and under 45 Rs. ...	Rs. 1-4, ...	Rs. 2-0, ...	Rs. 4-8, ...	" 7 12	
45 and under 50 Rs. ...	Rs. 1-8, ...	Rs. 2-0, ...	Rs. 5-0, ...	" 8 8	
50 and under 60 Rs. ...	Rs. 2-0, ...	Rs. 2-0, ...	Rs. 6-0, ...	" 10 0	
60 and under 80 Rs. ...	Rs. 2-8, ...	Rs. 2-8, ...	Rs. 6-8, ...	" 11 8	
80 to 100 Rs. ...	Rs. 3-0, ...	Rs. 3-0, ..	Rs. 7-0, ...	" 13 0	

C চিহ্নিত তফসীল।

বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীতে ও রাজধানীর জন্যে অল্প কর্জ আদায়ের নিমিত্তে কমিস্যনরেরদের আদালতে।

বাটীর ভাড়ার জন্যে জিনিস ক্রোক করিলে যে রসুম লাগিবেক তাহার হার।

যত টাকার জন্যে নালিশ	ক্রোক করিবার মুকৃতিপত্র ও ওয়ারন্ট	নীলাম করিবার হুকুম	কমিস্যন	মোট	মন্তব্য কথা
১৲ টাকাঅবধি ৫৲ টাকাপর্য্যন্ত	।০	॥০	॥০	১।০	
৫৲ ঐ ১০৲ ঐ	॥০	॥০	১৲	২৲	
১০৲ ঐ ১৫৲ ঐ	॥০	॥০	১॥০	২॥০	
১৫৲ ঐ ২০৲ ঐ	॥০	১৲	২৲	৩॥০	
২০৲ ঐ ২৫৲ ঐ	৸০	১৲	২॥০	৪।০	
২৫৲ ঐ ৩০৲ ঐ	১৲	১৲	৩৲	৫৲	
৩০৲ ঐ ৩৫৲ ঐ	১৲	১৲	৩॥০	৫॥০	
৩৫৲ ঐ ৪০৲ ঐ	১৲	১॥০	৪৲	৬॥০	
৪০৲ ঐ ৪৫৲ ঐ	১।০	২৲	৪॥০	৭৸০	
৪৫৲ ঐ ৫০৲ ঐ	১॥০	২৲	৫৲	৮॥০	
৫০৲ ঐ ৬০৲ ঐ	২৲	২৲	৬৲	১০৲	
৬০৲ ঐ ৮০৲ ঐ	২॥০	২॥০	৬॥০	১১॥০	
৮০৲ ঐ ১০০৲ ঐ	৩৲	৩৲	৭৲	১৩৲	

[গবর্নমেন্ট গেজেট। ১৮৪৭। ১১ মে।]

The above scale is intended to include all expences except in Suits where the Tenant disputes the Landlord's claim, and Witnesses have to be subpœnaed, in which case, each subpœna for sums under Rs. 40 must be paid for at 4 annas each, and 12 annas above that amount—and also where Peons were kept in charge of property distrained, 4 annas per day must be paid per man.

D.

In the Court of Commissioners for the Recovery of Small Debts in and for the Settlement of Fort William in Bengal.

A. B. (Plaintiff)
versus
C. D. (Defendant.)

A. B., Inhabitant of ——————, in the Town of Calcutta, —————— maketh oath and saith, that C. D. —————— who is also an Inhabitant of the Town of Calcutta, is justly indebted to —————— in the sum of Company's Rupees —————— for arrears of rent of the House and Premises No. —— situated at ——————, in the Town of Calcutta, due for ———— month, to wit from ———— to ——————, at the rate of Co.'s Rs. ———— per mensem.

Sworn before me the ——————
day of ———— 184 ————

Commissioner.

E.

In the Court of Commissioners for the Recovery of Small Debts in and for the Settlement of Fort William in Bengal.

Take Notice that we have appraised the Goods and Chattels seized on the ——————, under the provisions of the Act No. VII. of 1847, of which a Notice and Inventory had been duly served upon you under date the ——————, and that the said Goods and Chattels will be sold on the —————— at —————— pursuant to the provisions of the said Act.

(Signed) E. F.,
G. H.,

To A. B. *Sworn Bailiffs and Appraisers.*

উক্ত তফসীলে যে টাকা লেখা আছে তাহার অতিরিক্ত কোন মোকদ্দমায় আর কোন খরচা লওয়া যাইবেক না কেবল যে মোকদ্দমার রাইয়ত আপনার বাটীর মালিকের দাওয়া স্বীকার না করে এবং সাক্ষিরদিগের নামে সফীনা করিতে হয় সেই মোকদ্দমায় ৪০৲ টাকার ন্যূন সংখ্যার টাক্কার নিমিত্তে প্রত্যেক সফীনায় ।০ আনা করিয়া দিতে হইবেক এবং ৪০৲ টাকার উর্দ্ধ টাকার সফীনার নিমিত্তে ৸০ আনা করিয়া দিতে হইবেক এবং যখন ক্রোকহওয়া সম্পত্তি পেয়াদার জিম্মা করিয়া দিতে হয় তখন পেয়াদাকে দিন প্রতি ।০ আনা করিয়া দিতে হইবেক।

D চিহ্নিত তফসীল।

বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীতে ও রাজধানীর জন্যে অল্প কর্জ আদায়ের নিমিত্তে কমিস্যনরেরদের আদালতে।

অমুক ফরিয়াদী।
অমুক আসামী।

কলিকাতা নগরের অমুক স্থাননিবাসি আমি অমুক শপথ করিয়া কহিতেছি যে কলিকাতা নগরনিবাসি অমুকের স্থানে কলিকাতা নগরের অমুক রাস্তায় স্থিত অমুক নম্বরী বাটী ও ভূমির এত মাসের ভাড়ার বাবৎ আমার এত টাকা যথার্থ পাওনা আছে বিশেষতঃ মাস প্রতি এত টাকার হারে অমুক মাসঅবধি অমুক মাসপর্য্যন্ত।

অমুক সালের অমুক তারিখে আমার সম্মুখে শপথ করা গেল।

কমিস্যনর।

E চিহ্নিত তফসীল।

বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীতে ও রাজধানীর জন্যে অল্প কর্জ আদায়ের নিমিত্তে কমিস্যনরেরদের আদালতে।

তোমাকে জানান যাইতেছে যে ১৮৪৭ সালের ৭ আইনের বিধির অনুসারে যে জিনিস ও সম্পত্তি অমুক স্থানে ক্রোক্ হইয়াছিল তাহা আমরা যাচাই করিয়াছি এবং তাহার এত্তেলা ও তালিকা অমুক তারিখে রীতিমত তোমার প্রতি জারী হইয়াছিল এবং ঐ আইনের বিধির অনুসারে ঐ জিনিস ও সম্পত্তি অমুক মাসের অমুক দিবসে অমুক স্থানে বিক্রয় হইবেক।

অমুক।
অমুক।
শপথকরা বেইলিফ ও যাচনদার।

অমুক প্রতি আগে।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

DRAFTS OF ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 13TH MARCH, 1847.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 13th of March 1847:

ACT No. —— OF 1847.

An Act for establishing a Court of Subordinate Civil Jurisdiction in the City of Calcutta.

Whereas the jurisdiction of the Court of Re-

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেন্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৭ সাল ১৩ মার্চ।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৭ সালের ১৩ মার্চ তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল——আক্ট।

শহর কলিকাতায় অধীন দেওয়ানী আদালত সংস্থাপনের আইন।

যেহেতুক বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়মের বসতি

quests for the Recovery of Small Debts in and for the Settlement of Fort William in Bengal, is limited to suits brought for the recovery of Debts not exceeding 400 Sicca Rupees, and whereas it is not expedient that the jurisdiction of the said Court of Requests should be extended:

And whereas it is inconvenient to the people to be obliged to resort to Her Majesty's Supreme Court of Judicature in all suits for debt exceeding 400 Sicca Rupees, and in all other suits and actions whatsoever:

And whereas for remedy of the said inconvenience it is expedient to establish a new Court with jurisdiction over the subject matters of actions at Law, and with power to make decrees upon such subject matters according to Equity and Good Conscience following the Law:

I. It is hereby enacted, that from and after the ______ day of ______ the Court of Requests for the Recovery of Small Debts in and for the Settlement of Fort William in Bengal shall be abolished, except so far as regards suits pending therein at the time of passing this Act, which shall be proceeded in and determined as if this Act had not been passed, and that on the said day a Court for the exercise of original Civil jurisdiction in the City of Calcutta shall be established, and shall be called the Subordinate Civil Court for the City of Calcutta.

II. And it is enacted, that the said Subordinate Civil Court shall consist of as many Commissioners as to the Governor of Bengal shall from time to time seem meet, and that each of the Commissioners sitting separately shall exercise all the jurisdiction and powers herein conferred upon the said Subordinate Civil Court, except the power of making Rules under Section XXV. of this Act. Provided always, that at least one of the said Commissioners shall be a Barrister of not less than five years standing.

III. And it is enacted, that one of the Commissioners being a Barrister of five years standing shall be the Chief Commissioner.

IV. And it is enacted, that each of the Commissioners shall receive such Salary as to the Governor General in Council shall seem meet, respect being had to the qualifications of each.

V. And it is enacted, that it shall be lawful for the Governor of Bengal to appoint such and so many Ministerial Officers as to him shall seem necessary for the efficient performance of the business of the said Court, and that each of the said Officers shall receive such Salary as to the Governor General in Council shall seem meet.

VI. And it is enacted, that the said Subordinate Civil Court shall have jurisdiction over all causes of Action, for which an Action may be maintained on the Plea Side of the said Supreme Court, where the debt, damages, or value of the property for which such Action may be brought does not

অর্থাৎ শহর কলিকাতার মধ্যে ও তাহার নিমিত্তে অল্প কর্জ আদায় করিবার জন্যে যে কোর্ট রিকেষ্ট স্থাপন আছে তাহাতে কেবল চারি শত সিক্কা টাকার অনূর্দ্ধ কর্জ আদায়ের জন্যে নালিশ হইতে পারে। এবং যেহেতুক উক্ত কোর্ট রিকেষ্টের কর্তৃত্ব বিস্তার করা উচিত বোধ হয় না।

এবং যেহেতুক সিক্কা চারি শত টাকার উর্দ্ধ কর্জের সকল মোকদ্দমা এবং অন্য সকল প্রকার মোকদ্দমা ও নালিশ শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টে করাতে প্রজারদের ক্লেশ হয়।

এবং যেহেতুক ঐ ক্লেশের প্রতিকার করিবার জন্যে এক নূতন আদালত স্থাপন করা এবং আইনসম্পর্কীয় নালিশের মোকদ্দমার বিষয়ে ঐ আদালতের কর্তৃত্ব দেওয়া এবং আইনানুসারে ন্যায্যতা ও যথার্থতাক্রমে ঐ বিষয়ের ডিক্রী করণের ক্ষমতা দেওয়া উচিত বোধ হইল।

১ ধারা। অতএব ইহাতে হুকুম হইল যে অমুক মাসের অমুক দিনঅবধি এবং তৎপরে বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়মের বসতি অর্থাৎ শহর কলিকাতার মধ্যে ও তাহার নিমিত্ত অল্প কর্জ আদায় করিবার জন্যে যে কোর্ট রিকেষ্ট স্থাপন হইয়াছে তাহা রহিত হয় কিন্তু এই আইন জারী হওন সময়ে যে সকল মোকদ্দমা তাহাতে উপস্থিত থাকে তাহা এই আইন জারী না হইলে যেরূপে নির্ব্বাহ ও নিষ্পত্তি হইত সেইরূপে নির্ব্বাহ ও নিষ্পত্তি হইবেক। এবং ঐ দিবসে শহর কলিকাতায় সরেনও দেওয়ানী মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করিবার জন্যে এক আদালত স্থাপন হইবেক এবং তাহার নাম "কলিকাতা শহরের অধীন দেওয়ানী আদালত" থাকিবেক ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত অধীন দেওয়ানী আদালতে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব সময়ে২ যত কমিস্যনর উচিত বোধ করেন তত কমিস্যনর নিযুক্ত হইবেন। এবং এই আইনের ২৫ ধারাক্রমে বিধান করিবার ক্ষমতাছাড়া উক্ত অধীন দেওয়ানী আদালতের প্রতি যে সকল কর্তৃত্ব ও ক্ষমতা এই আইনের দ্বারা অর্পণ হইল প্রত্যেক কমিস্যনর আলাহিদা২ বৈঠক করিলে তাঁহারদের সেই সকল কর্তৃত্ব ও ক্ষমতা থাকিবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ কমিস্যনরেরদের মধ্যে নিদানে এক জন অন্যূন পাঁচ বৎসরের বারিষ্টর অর্থাৎ কৌন্সেলী থাকিবেন ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ কমিস্যনরেরদের মধ্যে যে এক জন পাঁচ বৎসরের বারিষ্টর অর্থাৎ কৌন্সেলী হন্ তিনি প্রধান কমিস্যনর হইবেন ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে প্রত্যেক জন কমিস্যনর যোগ্যতার বিবেচনাক্রমে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে যে মাহিয়ানা উচিত বোধ করেন্ সেই মাহিয়ানা পাইবেন ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত আদালতের কার্য্য প্রকৃতরূপে নির্ব্বাহ করিবার নিমিত্ত যে২ আমলা এবং যত আমলা নিযুক্ত করিতে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব আবশ্যক ও উচিত বোধ করেন্ সেই২ আমলা এবং তত আমলা তিনি নিযুক্ত করিতে পারিবেন এবং ঐরূপ প্রত্যেক আমলার যে বেতন শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে উচিত বোধ করেন সেই বেতন তিনি পাইবেন ইতি।

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে২ মোকদ্দমা উক্ত সুপ্রিম কোর্টে "পিলি" সম্পর্কে উপস্থিত করা যাইতে পারে সেই২ মোকদ্দমা যে দেনা অথবা ক্ষতিপূরণ অথবা সম্পত্তির মূল্যের বাবতে করা যায় তাহা পশ্চাৎ লিখিত সংখ্যার উর্দ্ধ না হইলে সেই সকল মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করিতে উক্ত অধীন দেওয়ানী আদালতের ক্ষম-

exceed the following amounts, that is to say, where the Action is brought, to recover any property for which an Action of Ejectment may be maintained in the said Supreme Court, the amount of Two Hundred Company's Rupees per annum, where the Action is brought for any malicious arrest, maliciously holding to Bail or for any other malicious prosecution, or for any Libel or Slander, or for any Assault, Battery, or false imprisonment, the amount of Three Hundred Company's Rupees, and in all other Actions the amount of One Thousand Company's Rupees.

VII. And it is enacted, that the jurisdiction of the said Subordinate Civil Court shall also extend to the recovery of the unliquidated Balance of a Partnership Account, to the extent of Five Hundred Company's Rupees if the Plaintiff shall be content to limit his claim to the recovery of that amount.

VIII. And it is enacted, that the jurisdiction of the said Subordinate Civil Court shall also extend to the recovery, against any Executor or Administrator or other Representative of any deceased testate, or intestate person of any demand not exceeding the amount of Five Hundred Company's Rupees for any distributive share of any property under an intestacy, or of any legacy, or residue or share of a residue, under a Will, if the plaintiff shall be content to limit his claim to the recovery of that amount in respect of such share or residue or legacy, provided always, that the said Court by this Act established shall not have jurisdiction over any such demand for such share, residue or legacy if any suit shall at the time of preferring such demand be pending in the said Supreme Court for the Administration of the Estate, out of which such share, residue or legacy is demandable.

IX. And it is enacted, that it shall not be lawful for any plaintiff to divide any cause of action into two or more suits for the purpose of bringing the same within the jurisdiction of the said Subordinate Civil Court; but any plaintiff having cause of action for debt or damages above the value recoverable under this Act may abandon the excess, and thereupon such plaintiff shall on proving his case have a decree for an amount not exceeding such value, and such decree shall be in full discharge of all demands in respect of such cause of action.

X. And it is enacted, that the jurisdiction of the said Subordinate Civil Court shall, as regards the persons to be subject thereto, extend to all persons inhabiting or seeking a livelihood within the City of Calcutta.

XI. And it is enacted, that the said Court shall on all purely legal demands for which an Action at Law is maintainable, decide according to the Law to be administered in the Supreme Court, in the like cases between the like parties, provided that the defendant may in any Action for such legal demand allege and establish an equitable defence, and thereupon the said Court shall by its

[*Government Gazette*, 11*th May*, 1847.]

তা থাকিবেক বিশেষতঃ যে সম্পত্তি ফিরিয়া পাইবার জন্যে "ইজেক্‌টমেণ্ট" নামক নালিশ উক্ত সুপ্রিম কোর্টে উপস্থিত করা যাইতে পারে এমত সম্পত্তির বাবতে নালিশ হইলে যদি তাহার বার্ষিক কোম্পানির ২০০৲ টাকা মূল্য হয় এবং হিংসাপূর্ব্বক গ্রেক্তার করণ বা হিংসাপূর্ব্বক হাজির, জামিন লওন অথবা অন্য কোন প্রকার হিংসাক্রমে নালিশ অথবা কোন অপবাদ বা তহমৎ বা কোন আক্রমণ বা কোন আঘাত বা অন্যায় কয়েদ করণের জন্যে নালিশ হইলে যদি নালিশী টাকা কোম্পানির ৩০০৲ টাকা হয় এবং অন্য সকল নালিশী টাকা যদি কোম্পানির ১০০০৲ টাকা হয় তবে সেই সকল নালিশ ঐ কলিকাতাস্থ অধীন দেওয়ানী আদালতে হইতে পারে ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোম্পানির ৫০০৲ টাকাপর্য্যন্ত বখরাদারী হিসাবের অপরিশোধিত বাকী পাইবার জন্যে যদি ফরিয়াদী কেবল তত টাকা পাইবার জন্যে আপনার দাওয়া কমাইতে স্বীকৃত হয় তবে ঐ অধীন দেঁওয়ানী আদালতে সেইপ্রকার নালিশ গ্রাহ্য হইতে পারে ইতি।

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে ব্যক্তি উইল না করিয়া মরে তাহার সম্পত্তির বটিওয়ারা করা অংশের জন্যে অথবা উইলক্রমে দান বা অবশিষ্ট টাকার বা অবশিষ্ট টাকার অংশের জন্যে কোম্পানির অনধিক ৫০০৲ টাকার দাওয়া হইলে যদি ফরিয়াদী সেই অংশ অথবা অবশিষ্ট টাকা অথবা দানের বাবতে কেবল ততসংখ্যক টাকার দাওয়া করিতে স্বীকৃত হয় তবে তাহা পাওনের জন্যে উইল করিয়া বা না করিয়া যে ব্যক্তি মরে তাহার একসেক্যুটর অথবা আডমিনিষ্ট্রেটর অথবা অন্য কোন স্থলাভিষিক্ত ব্যক্তির নামে নালিশ ঐ অধীন দেওয়ানী আদালতের শুনিতে ও নিস্পত্তি করিতে ক্ষমতা থাকিবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে যে ইষ্টেটহইতে ঐ অংশ অথবা অবশিষ্ট টাকা অথবা মুমূর্ষু দান পাইবার জন্যে দাওয়া হয় সেই ইষ্টেটের সরবরাহ করিবার নিমিত্ত দাওয়া করণ সময়ে উক্ত সুপ্রিম কোর্টে যদি কোন মোকদ্দমা উপস্থিত থাকে তবে এই আইনের দ্বারা স্থাপিত আদালতের ঐ অংশ বা অবশিষ্ট টাকা বা মুমূর্ষু দানের দাওয়ার বিষয়ে কোন কর্ত্তৃত্ব থাকিবেক না ইতি।

৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত অধীন দেওয়ানী আদালতের এলাকার অধীন করিবার জন্যে কোন বাদী আপন নালিশের কারণ দুই বা ততোধিক মোকদ্দমাতে বিভাগ করিতে পারিবেক না। কিন্তু এই আইনক্রমে যত টাকা আদায় হইতে পারে তদপেক্ষা অধিক টাকার কর্জ্জের বা ক্ষতিপূরণের নালিশের কারণ থাকিলে ফরিয়াদী ঐ বাড়তি টাকা ত্যাগ করিতে পারে এবং ফরিয়াদী তাহা করিলে এবং আপনার দাওয়া সাব্যস্ত করিলে ঐ টাকার অনধিক সংখ্যার ডিক্রী পাইবেক এবং ঐ ডিক্রীতে হুকুম থাকিবেক যে ঐ মোকদ্দমার কারণের সকল দাওয়া সম্পূর্ণরূপে পরিশোধ হয় ইতি।

১০ ধারা। এবং যে২ প্রকার ব্যক্তি ঐ অধীন আদালতের কর্ত্তৃত্বাধীনে থাকিবেক তাহার বিষয়ে হুকুম হইল যে শহর কলিকাতায় যত ব্যক্তি বাস করে অথবা যত ব্যক্তি সেই শহরে উপজীবিকার চেষ্টা করে তাহারদের উপরে ঐ অধীন দেওয়ানী আদালতের কর্ত্তৃত্ব থাকিবেক ইতি।

১১ ধারা। এবং শুদ্ধ আইনসম্পর্কীয় যে দাওয়াসকলের বাবৎ আইনমূলক নালিশ উপস্থিত হইতে পারে এমত প্রকার সকল দাওয়ার বিষয়ে ইহাতে হুকুম হইল যে সেই২ গতিকে এবং সেই২ প্রকার বাদিপ্রতিবাদির মধ্যে সুপ্রিম কোর্টে যে আইন চলন আছে সেই আইনানুসারে উক্ত আদালত সেই মোকদ্দমা নিষ্পত্তি

decree give the defendants the benefit of such defence to the same extent and upon the same principles of Equity as would be applied in the like case by the said Supreme Court on its Equity side, provided that such defence shall not involve a cross demand to an extent exceeding the sum of One Thousand Company's Rupees.

XII. And it is enacted, that the said Subordinate Civil Court shall exercise all the powers which are exercised by Her Majesty's Supreme Court of Judicature in the issuing of process, and summoning and compelling the attendance of witnesses and the administering of oaths or solemn declarations and for punishing contempts, and all other powers which are exercised by the said Supreme Court for trial and determination and execution in Actions at Law, and that the said Subordinate Civil Court shall have and use an Official Seal.

XIII. And whereas it is conducive to the good administration of Justice that the respectable part of the public should be associated therein: It is hereby enacted, that the Governor General in Council may, by Proclamation, order that every or any Commissioner of the said Subordinate Civil Court shall, in all suits, or in any particular class of suits, and in all proceedings therein or in any particular proceeding therein, sit with one or more Jurors, and may in the said Proclamation lay down rules for the selection, summoning and compelling attendance of the said Jurors, and for enforcing the performance of their duty by such Jurors.

XIV. Provided always and it is hereby enacted, that the verdict of such Juror or Jurors shall be only for the information of the Conscience of the Court.

XV. And it is enacted, that the manner of commencing a suit in the said Subordinate Civil Court shall be as follows:

1. Each of the Commissioners of the said Subordinate Civil Court shall sit at stated hours for the purpose of receiving plaints.

2. Every plaintiff bringing a suit in the said Subordinate Civil Court shall, except as hereinafter excepted, appear in person before one of the Commissioners, and shall, orally or in writing, lay before such Commissioner the facts which constitute his claim.

3. The excepted cases in which the plaintiff shall be excused from appearing in person for the purpose of making the statement of facts mentioned in the last Clause, are the same as the excepted cases specified in Clause 15 of this Section, but the plaintiff shall in all cases be permitted to make the statement of facts, by an Agent provided he deposit in Court the sum of Fifty Company's Rupees.

4. The sum so deposited shall be held as a security for any sum or such part thereof as it will

করিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে এই প্রকার আইনমূলক কোন দাওয়ার নালিশে প্রতিবাদী একুটি অর্থাৎ যথার্থমূলক জওয়াব দিতে ও সাব্যস্ত করিতে পারে এবং তাহা হইলে উক্ত সুপ্রিম কোর্টের একুটি পক্ষে সেই প্রকার বিষয়ে একুটি অর্থাৎ যাথার্থ্যের যে২ নিয়ম যেপর্য্যন্ত খাটান যাইত সেই যাথার্থ্যের নিয়ম সেইপর্য্যন্ত উক্ত আদালত আমলে আনিবেন এবং আপনার ডিক্রীর দ্বারা ঐ আসামীদিগকে সেই জওয়াবের উপকার দিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে এই প্রকার জওয়াব করাতে যদি ১০০০৲ টাকার উর্দ্ধ বিপরীত দাওয়া উৎপন্ন হয় তবে সেই গতিকে তাহা গ্রাহ্য হইবেক না ইতি।

১২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে হুকুমনামা বাহির করণ বিষয়ে এবং সাক্ষিরদিগকে তলব করণ ও হাজির করাওণের বিষয়ে এবং শপথ কি সুকৃতি করাওণের বিষয়ে এবং আদালতের অবজ্ঞার দণ্ড করণের বিষয়ে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের যে সকল ক্ষমতা আছে উক্ত অধীন দেওয়ানী আদালতের সেই সকল ক্ষমতা থাকিবেক· এবং আইনমূলক নালিশের বিচার ও নিষ্পত্তি ও ডিক্রী জারীর নিমিত্ত উক্ত সুপ্রিম কোর্টের অন্য যে সকল ক্ষমতা আছে উক্ত অধীন আদালতের সেই সকল ক্ষমতা থাকিবেক। এবং উক্ত অধীন দেওয়ানী আদালতের এক মোহর থাকিবেক ও তাহা ব্যবহার করা যাইবেক ইতি।

১৩ ধারা। এবং যেহেতুক সাধারণ লোকেরদের মধ্যে শিষ্টবিশিষ্ট ব্যক্তিরা আদালতের কার্য্যে সাহায্য করিলে ঐ কার্য্য উত্তমরূপে নির্ব্বাহ হওনের সম্ভাবনা আছে অতএব ইহাতে হুকুম হইল যে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ঘোষণার দ্বারা এমত হুকুম দিতে পারেন্ যে সকল মোকদ্দমায় অথবা কোন বিশেষ প্রকার মোকদ্দমায় এবং আদালতের সকল কার্য্যে অথবা তাহার কোন বিশেষ কার্য্যে উক্ত অধীন দেওয়ানী আদালতের প্রত্যেক কমিস্যনর অথবা কোন কমিস্যনর এক বা ততোধিক জুরি ব্যক্তিকে লইয়া বৈঠক করেন্ এবং উক্ত জুরি ব্যক্তিকে মনোনীত করণ এবং তলব করণ এবং হাজির করাওণের নিমিত্ত এবং জুরি ব্যক্তির প্রতি অর্পিত কার্য্য করাওণের বিষয়ে ঐ ঘোষণাপত্রের মধ্যে নিয়ম করিতে পারেন্ ইতি।

১৪ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য এবং ইহাতে হুকুম হইল যে ঐ জুরি ব্যক্তি বা ব্যক্তিরদের ফয়সলা কেবল ঐ আদালতের বিচারকেরদের বিজ্ঞাপনের নিমিত্তে হইবেক ইতি।

১৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত অধীন দেওয়ানী আদালতের মোকদ্দমা করণের এই রীতি হইবেক।

১। উক্ত অধীন দেওয়ানী আদালতের প্রত্যেক জন কমিস্যনর নালিশ লইবার জন্যে নিরূপিত ঘন্টায় বৈঠক করিবেন।

২। উক্ত অধীন দেওয়ানী আদালতে যে প্রত্যেক ফরিয়াদী মোকদ্দমা উপস্থিত করে সেই প্রত্যেক ব্যক্তি পশ্চাৎ যেরূপে লেখা আছে তাহা বর্জিয়া ঐ কমিস্যনরেরদের এক জনের সমক্ষে স্বয়ং উপস্থিত হইবেক এবং আপনার দাওয়ার সমস্ত বৃত্তান্ত জোবানীতে অথবা লিখনের দ্বারা উক্ত কমিস্যনরকে জানাইবেক।

৩। বর্জিত যে২ গতিকে ফরিয়াদী শেষ দফার লিখিত এজহার করিবার জন্যে স্বয়ং হাজির হইতে ক্ষমা পাইবেক তাহা এই ধারার ১৫ দফার নির্দ্দিষ্ট বর্জিত বিষয়ের তুল্য হইবেক কিন্তু যদি ফরিয়াদী কোং ৫০৲ টাকা আদালতে আমানৎ করে তবে সে ব্যক্তি সকল গতিকে এক জন মোখ্তারের দ্বারা এজহার করিতে অনুমতি পাইবেক।

৪। ঐ মোকদ্দমার বিষয়ে অথবা তাহা চালাওনের মতের বাবতে আসামীকে অথবা সরকারকে যে যে টাকা

cover, which may be, or which may become due to the defendant, or to the Government, in respect of the matter of the suit, or in respect of the mode of conducting it: if nothing shall so be, or become due, the sum shall be repaid to the plaintiff.

5. If the plaintiff lays the facts before the Commissioner orally, the facts whether stated of his own accord or elicited by examination shall be reduced into form and written down by the Commissioner or by an Officer of the Court under his direction, and shall constitute the plaint.

6. If the plaintiff lays the facts before the Commissioner in writing, the written statement shall be corrected in form by the Commissioner, or by an Officer of the Court under his direction, if it requires such correction, and in substance if it in any respect disagrees with the statement of facts elicited by the examination of the plaintiff; subject to such correction the written statement shall constitute the plaint.

7. When the statement of facts constituting the plaint has been made, the Commissioner, if he is of opinion that the defendant or the matter of the suit is not within the jurisdiction of the Subordinate Civil Court, shall make a decree accordingly.

(*To be continued.*)

EDUCATION NOTICE.

A Special Examination of Candidates for admission to the Free and Stipendiary Lists of the Medical College, will be held in that Institution on Saturday, the 5th of June next, at 10 A. M.

There are several Stipendiary Vacancies of Eight Rupees per Mensem each, tenable for five years. No Candidate can be admitted under the full age of 16, or above that of 20 years, on any account whatever.

Every applicant for admission must bring a letter of recommendation from some respectable person, certifying that he is of good character, and worthy of admission to the privilege of studying Medicine.

The Candidates must present themselves before the Secretary to the College three days prior to the date of examination, with a view to their being identified as the persons really desiring admission.

All Candidates will be expected to possess a thorough knowledge of English, so as to be able to read, write, and enunciate it with fluency and facility. They must be able to analyse a passage in Milton's Paradise Lost, Robertson's Histories, or Works of a similar Classical Standard—be acquainted with the elements of Arithmetic, Algebra, Geometry, and Natural Philosophy,—and bring certificates from the Head Masters of the Schools in which they have studied, expressly stating that they possess the information required, and are capable of undergoing the ordeal proposed. The preference in selection will always be given to those

[*Government Gazette*, 11*th May*, 1847.]

দেয় হয় বা হইতে পারে সেই টাকার জন্যে বা তাহার যে ভাগ তদ্দ্বারা পরিশোধ হইতে পারে তাহার জন্যে ঐ আমানৎহওয়া টাকা বন্ধকস্বরূপ থাকিবেক। যদ্যপি সেইরূপ কিছু দেনা না থাকে বা তৎপরে দেনা না হয় তবে সেই টাকা ফরিয়াদীকে ফিরিয়া দেওয়া যাইবেক।

৫। যদি ফরিয়াদী কমিস্যনরের নিকটে মৌখিক মোকদ্দমার সকল বৃত্তান্ত কহে তবে সেই সকল বৃত্তান্ত তাহার স্বেচ্ছাক্রমে জ্ঞাত করা গেলে বা জোবানবন্দীর দ্বারা জ্ঞাত হওয়া গেলে তাহা কমিস্যনর লিখিবেন অথবা তাঁহার হুকুমক্রমে আদালতের কোন আমলা নিরূপিত দাঁড়ামতে লিখিবেক এবং তাহাই নালিশপত্র জ্ঞান হইবেক।

৬। ফরিয়াদী সেই সকল বৃত্তান্ত লিখনের দ্বারা কমিস্যনরের নিকটে দরপেশ করিলে যদি ঐ লিখিত এজহার রীতির বিরুদ্ধ হইয়া থাকে অথবা ফরিয়াদীর জোবানবন্দীর দ্বারা যে বৃত্তান্ত জানা যায় তাহার সঙ্গে যদি ঐ লিখিত এজহার না মিলে তবে কমিস্যনর সাহেব অথবা তাঁহার হুকুমক্রমে আদালতের এক জন আমলা তাহা সংশোধন করিয়া দাঁড়ামতে লিখিবেন এবং তাহা বস্তুতঃ সংশোধন হইবেক কিন্তু এই সংশোধন বিধায় ঐ লিখিত এজহার নালিশপত্র জ্ঞান হইবেক।

৭। বৃত্তান্তের যে এজহার লইয়া নালিশপত্র হয় তাহা প্রস্তুত হইলে যদি কমিস্যনর সাহেব বোধ করেন্ যে সেই আসামী অথবা সেই মোকদ্দমার বিষয় অধীন দেওয়ানী আদালতের কর্তৃত্বের মধ্যে নাই তবে তদনুসারে ডিক্রী করিবেন।

(ইহার শেষ আগামিতে প্রকাশ হইবেক।)

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

মেডিকাল কালেজের বৈতনিক ও অবৈতনিক সম্প্রদায়ের পদ প্রাপণাকাঙ্ক্ষিরদের বিশেষ ইমতিহান আগামি জুন মাসের ৫ তারিখ শনিবার বেলা দশ ঘণ্টার সময়ে উক্ত কালেজে হইবেক।

বৈতনিক কএক পদ শূন্য আছে তাহার বেতন মাসিক ৮৲ টাকা এবং তাহা পাঁচ বৎসরপর্য্যন্ত ভোগ হইতে পারে। ষোল বৎসরের ন্যূন কি বিশ বৎসরের অধিকবয়স্ক কোন পদাকাঙ্ক্ষিকে কোনমতে নিযুক্ত করা যাইতে পারিবেক না।

ঐ পদাকাঙ্ক্ষি প্রত্যেক জনের আবশ্যক যে তিনি কোন সম্ভ্রান্ত লোকের স্থানহইতে এক সুপারিশপত্র আনেন তাহাতে ইহা লেখা থাকিবেক যে তিনি সদাচারী এবং ঔষধ বিদ্যা শিক্ষা করণের যোগ্য বটেন।

যাঁহারা ঐ পদ পাইতে প্রার্থনা করেন তাঁহারদের অনন্যতা নিশ্চয় করণের অভিপ্রায়ে তাঁহারদের আবশ্যক যে ইমতিহানের দিবসের তিন দিন পূর্ব্বে তাঁহারা কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে উপস্থিত হন।

সকল পদাকাঙ্ক্ষির আবশ্যক যে তাঁহারা ইঙ্গরেজী ভাষা উত্তমরূপে জানেন ও শুদ্ধরূপে এবং সহজে তাহা পাঠ করিতে ও লিখিতে এবং উচ্চারণ করিতে পারেন্। আরো তাঁহারদের আবশ্যক যে তাঁহারা মিল্টন পারাডৈস লষ্ট কিম্বা রাবর্টসনের ইতিহাস পুস্তক কি তত্তুল্য উত্তম পুস্তকের কোন ভাগের অর্থ করিতে পারেন এবং অঙ্ক বিদ্যা ও বীজগণিত বিদ্যা ও ভূমিপরিমাপক বিদ্যা ও পদার্থনির্ণায়ক বিদ্যার মূল নিয়ম জানেন এবং তাঁহারা যে বিদ্যালয়ে শিক্ষা করিয়াছেন তাহার প্রধান শিক্ষকের স্থানহইতে এক সর্টিফিকট আনেন তাহাতে লেখা থাকিবেক যে তাঁহারা আবশ্যক জ্ঞানপ্রাপ্ত হইয়াছেন এবং প্রস্তাবিত ইমতিহান দিতে

who possess the greatest amount of information in the above-mentioned branches of education.

The course of instruction given in the Bengal Medical College is recognized by the University of London, the Royal College of Surgeons of England, and the Worshipful Society of Apothecaries of London—the Degrees, Diploma, and License of which bodies respectively, can be obtained by any pupil who has studied in Calcutta, provided he passes through the particular course and extent of study required by each; of which every particular may be ascertained on personal application to the Secretary, Medical College.

(By order,)

FRED. J. MOUAT, *M. D.*,
Secretary.

Council of Education, April, 1847.

NOTIFICATIONS.

ORDER BY THE SUDDER NIZAMUT ADAWLUT.

The 3rd May, 1847.

Syud Furzund Hossein is dismissed from the situation of Law Officer of East Burdwan.

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 7th May, 1847.

Baboo Juggobundhoo Dass, to be Acting Moonsiff of Parkool, Zillah Sylhet.

B. J. COLVIN, *Offg. Register.*

রাজকর্ম্মে নিয়োগ।

৮৯৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ২৮ আপ্রিল।

ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ সি ওয়াটসন সাহেব (Mr. W. C. Watson,) ঐ জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ত্রিহুতের আদালতের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী এরাদৎ আলী ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৭ সাল ১ মে।

শ্রীযুত ই ডিড্‌স সাহেবের (Mr. E. Deedes,) পরিবর্ত্তে শ্রীযুত সি গার্ষ্টিন সাহেব (Mr. C. Garstin,) বাঁকুড়াতে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত এচ আর বণ্ড সাহেব (Mr. H. R. Bond,) পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

ছিলটে পারকুলের মুনসেফ শ্রীযুত মুনশী নাজিরুদ্দীন মহম্মদ ঐ জিলার প্রধান সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৭ সাল ৩০ আপ্রিল।

হুগলীর অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সৈয়দ ওসমান আলী দুই দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ১ মে।

ছিলটের প্রধান সদর আমীন শ্রীযুত রায় রাধাগোবিন্দ সোম ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ১১ মে।]

পারেন্। যাঁহারা উপরের লিখিত বিদ্যাবিষয়ে অধিক জ্ঞানপ্রাপ্ত হইয়াছেন তাঁহারাই অগ্রে মনোনীত হইবেন।

বাঙ্গলা দেশের মেডিকাল কালেজে যে বিষয়ের শিক্ষা হইতেছে তাহাতে লণ্ডন নগরের উনিবর্সিটির এবং ইঙ্গলণ্ড দেশের চিকিৎসকেরদের রাজকীয় কালেজের ও লণ্ডন নগরে ঔষধ প্রস্তুতকারিরদের অতিসম্ভ্রান্ত সভার সম্মতি আছে এবং কলিকাতায় যে ছাত্রেরা শিক্ষা করিয়াছেন তাঁহারা যদি ঐ প্রত্যেক বিদ্যালয়ের নিরূপিত বিশেষ বিদ্যাবলিতে বিজ্ঞ হন তবে তাঁহারা ঐ বিদ্যালয়ের 'উপাধি কিম্বা যোগ্যতার পত্র কি চিকিৎসাকরণের অনুমতিপত্র পাইতে পারেন তাহার বিশেষ বৃত্তান্ত যে কেহ জানিতে চাহেন তিনি স্বয়ং মেডিকাল কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে দরখাস্ত করিলে জানিতে পারিবেন।

(হুকুমক্রমে।)

এফ জে মৌআট। সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৭ সাল আপ্রিল।

বিজ্ঞাপন।

সদর নিজামৎ আদালতের হুকুম।

১৮৪৭ সাল ৩ মে।

শ্রীযুত সৈয়দ ফরজন্দ হুসেন পূর্ব্ব বর্দ্ধমানের ফতওয়াদায়কের কর্ম্মহইতে তগীর হইয়াছেন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ৭ মে।

শ্রীযুত বাবু জগবন্ধু দাস জিলা ছিলটের পারকুলের এক্‌টিং মুনসেফ হইবেন।

বি জে কলবিন। এক্‌টিং রেজিষ্টর।

১৮৪৭ সাল ৩ মে।

ছিলটের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ ষ্টেনফোর্থ সাহেব (Mr. H. Stainforth,) এক মাসের ছুটী পাইয়াছেন।

বেহারের আদালতের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী গোলাম কাদের গত মাসের ২৬ তারিখঅবধি বর্ত্তমান মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জাহানাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র ঘোষাল এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ৫ মে।

দিনাজপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত আর স্কট সাহেব (Mr. R. Scott,) গত মাসের ২৬ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত সি ষ্টিয়র সাহেবের (Mr. C. Steer,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৯২৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ২৮ আপ্রিল।

শ্রীযুত লেপ্টেনেণ্ট জে সি হটন সাহেবের (Lieutenant J. C. Haughton,) বিশেষ কর্ম্মোপলক্ষে অনুপস্থানপর্য্যন্ত রামগড়ের লঘু অস্ত্রধারি সৈন্যেরদের লেপ্টেনেণ্ট শ্রীযুত আর টেলর সাহেব (Lieutenant R. Taylor,) দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের এজেণ্টের দ্বিতীয় আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবার যে নিয়োগ তাহা মঞ্জুর হইল।

শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ বসু মেদিনীপুরের আবকারীর সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন এবং ১৮৪০ সালের ২৫ আইনের ৩ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৪৭ সাল ৫ মে।

সারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব (Mr. C. H. Campbell,) ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

মৌলবী মনিরুদ্দীন মহম্মদের মৃত্যু হওয়াতে জিলা চব্বিশপরগনার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত পণ্ডিত উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্ন ভট্টাচার্য্য চাটিগাঁর প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত মৌলবী আহম্মদ বক্‌শ রঙ্গপুরের প্রধান সদর আমীন হইবেন।

১৮৪৭ সাল ৭ মে।

শ্রীযুত ই করি সাহেব (Mr. E. Currie,) সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজী ক্ষমতাপ্রাপ্ত হইয়া ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি প্লোডন সাহেব (Mr. G. Plowden,) সদর বোর্ড রেবিনিউর সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত সি বীডন সাহেব (Mr. C. Beadon,) হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের এক্‌টিং সেক্রেটারী হইবেন।

শ্রীযুত ডবলিউ গ্রে সাহেব (Mr. W. Grey,) বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৭ সাল ৫ মে।

নওয়াখালির ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী হামিদুল্লা খাঁ চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বেহারের আফীনের সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত সি হলিংস সাহেব (Mr. C. Hollings,) গত মার্চ মাসের ২৯ তারিখে যে ছুটী পান্ তাহার অবশিষ্ট কাল গত মাসের ১৬ তারিখঅবধি রহিত হইল।

মালদহের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr. F. B. Kemp,) গত মার্চ মাসের ১০ তারিখে যে ছুটী পান্ তাহার অবশিষ্ট কাল গত মাসের ২০ তারিখঅবধি রহিত হইল।

মালদহের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এফ বি ড্রমণ্ড সাহেব (Mr. F. B. Drummond,) গত মাসের ১৪ তারিখে যে এক মাসের ছুটী পান্ তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ৫ মে।

ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে গবর্ণমেন্টের ১৮৪২ সালের ১৬ মার্চ তারিখের যে নির্দ্ধারণ ১৮৪৫ সালের ২৪ জুন তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হয় তদনুসারে দেওয়ানী সম্পর্কীয় যে কার্য্যকারকেরা মাসিক ১০০ টাকার অধিক মাহিয়ানা পান্ তাঁহারা ২০ বৎসরপর্য্যন্ত কর্ম্ম করিলে পর ১৮৩১ সালের ৪ জানুআরি তারিখের বিধির অনুসারে বার্দ্ধক্যপ্রযুক্ত পেনস্যন পাইতে পারেন তদ্বিষয়ে সকল সিরিশ্‌তার অধ্যক্ষেরদিগকে ইহার দ্বারা হুকুম দেওয়া যাইতেছে যে পেনস্যনের দরখাস্ত পাঠাইবার সময়ে পেনস্যন পাইবার দরখাস্তকারি ব্যক্তি যে অবধি সরকারী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন সেইঅবধি তিনি যে২ কর্ম্ম করিয়াছেন এবং সরকারী কর্ম্মোপলক্ষে যে২ মাহিয়ানা পাইয়াছেন তাহা পাঠের ৯ নম্বরী ঘরে তাঁহারা লেখেন ইতি।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

INSOLVENT COURT.

যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 29th day of April instant, the matters of the Petition of MOONSHEE HUSSAIN ALLY, late of Misregunge, a Gomasta in the service of Moonshee Golam Subdur, and now a prisoner for debt in the Common Jail of Calcutta, seeking the benefit of an Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court on Saturday, the 5th day of June next.

The names of the creditors of the said MOONSHEE HUSSAIN ALLY, appear in a Schedule filed with his said petition in the Office of the Chief Clerk of the said Court, to which any creditors may refer.

Calcutta, 29th April, 1847. JUDGE and BURKINYOUNG, *Insolvent's Attornies.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

মুনশী গোলাম সফদরের গোমাশ্‌তা পূর্ব্বে মিছরিগঞ্জনিবাসি মুনশী হুসেন আলী এক্ষণে কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আপ্রিল মাসের ২৯ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি জুন মাসের ৫ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত মুনশী হুসেন আলীর মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার উক্ত দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

কলিকাতা। ১৮৪৭। ২৯ আপ্রিল। জজ্জ ও বর্কিণ্যং। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 26th day of April last in the matters of the Petition of ABRAHAM HARON COHEN, alias Abraham Cohen, otherwise A. Cohen of Doomtollah Street, in the town of Calcutta, Trader, and late a prisoner confined in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George

the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court on Monday, the 7th day of June next, at the hour of 11 o'clock in the forenoon.

The names of the creditors of the said ABRAHAM HARON COHEN, appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer. Dated this 4th day of May, one thousand eight hundred and forty-seven.

PAUL and SMELT, *Insolvent's Attornies.*

পূর্ব্বে কলিকাতা নগরের ডোমতলার রাস্তানিবাসি সওদাগর আবরাহাম হারোণ কোহেন ওরফে আবরাহাম কোহেন অথবা এ কোহেন সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত আপ্রিল মাসের ২৬ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি জুন মাসের ৭ তারিখ সোমবার বেলা এগার ঘন্টার সময়ে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত আবরাহাম হারোণ কোহেনের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৭। ৪ মে। পাউল ও স্মেল্ট। যোত্রহীনের উকীল।

In the matter of ANDREW WILKIE, late of Calcutta, but at present residing at Chandernagore, in Bengal, and lately carrying on trade and business in Calcutta, with William Nickol, and Henry Malcolm Low, in Copartnership, under the name, style or firm of Nickol, Wilkie and Co., Merchants and Agents.

NOTICE is hereby given, that by an order of the said Court, made on the 21st day of April last, it was adjudged, that the petition of Madubchunder Ghose, a creditor of the said ANDREW WILKIE, is true, and that the said Andrew Wilkie, had committed an Act of Insolvency; and that by another order of the same date, Robert O'Dowda, Esq., was appointed Assignee of the Estate of the said Insolvent.

Calcutta, 8th May, 1847. H. C. MEIKLEJOHN, *Atty. for the Pet. and R. O'Dowda, Esq.*

সওদাগর ও এজেন্ট নিকল উইলকি কোম্পানির নামে উলিয়ম নিকল সাহেব ও হেনরি মালকম লো সাহেবের সঙ্গে পূর্ব্বে কলিকাতা নগরে কর্ম্মকারি ও সেই নগরনিবাসি এক্ষণে বাঙ্গলা দেশের চন্দননগরনিবাসি আন্দ্রু উইলকি সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আন্দ্রু উইলকি সাহেবের মহাজন মাধবচন্দ্র ঘোষ যে দরখাস্ত দাখিল করেন্ তাহা সত্য এবং উক্ত আন্দ্রু উইলকি সাহেব যোত্রহীন বটেন এমত নির্দ্ধারণ গত আপ্রিল মাসের ২১ তারিখে উক্ত আদালতে হইল এবং উক্ত তারিখের অন্য হুকুমক্রমে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উক্ত যোত্রহীনের ইষ্টেটের আসৈনি পদে নিযুক্ত হন্।

কলিকাতা। ১৮৪৭। ৮ মে। এচ সি মিকলজান। দরখাস্তকারির ও শ্রীযুত আর ওডৌডা সাহেবের উকীল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ১১ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 366. ৩৬৬)

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 18, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ১৮ মে।

DRAFTS OF ACTS.

Act No. ——— of 1847.

An Act for establishing a Court of Subordinate Civil Jurisdiction in the City of Calcutta.

(*Continued from page* 247.)

8. If the Commissioner is of opinion that the defendant and the matter of the suit are within the jurisdiction of the Subordinate Civil Court, he shall direct a writ of summons to be issued to the defendant.

9. The writ of summons shall contain a copy of the plaint, and an order to the defendant to appear before the Court on a specified day, and to bring with him any documents which he may have in his possession, of which the plaintiff, with the consent of the Commissioner, demands inspection, or which he the defendant may think conducive to his defence, and a list of such witnesses as he supposes may be necessary for his defence.

10. If the plaintiff satisfies the Commissioner that the defendant is likely to withdraw himself from the jurisdiction of the Subordinate Civil Court, the Commissioner may direct a warrant of arrest against the defendant to be issued together with the writ of summons.

11. If the defendant is arrested on the warrant he shall be brought with all convenient speed before the Commissioner, who may discharge him from custody if he gives sufficient security for his appearance, or if he deposits a sum which the Commissioner considers under all the circumstances of the case sufficient, or if he satisfies the Commissioner that he does not intend to withdraw himself from the jurisdiction.

12. On every day in which any of the Commissioners shall sit for the purpose of receiving plaints, all the plaints received shall be laid before the

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল ——আক্ট।

শহর কলিকাতায় অধীন দেওয়ানী আদালত সংস্থাপনের আইন।

(২৪৭ পৃষ্ঠাহইতে চলিতেছে।)

৮। যদি কমিস্যনর বোধ করেন্ যে আসামী এবং মোকদ্দমার বিষয় অধীন দেওয়ানী আদালতের কর্তৃত্বের মধ্যে তবে আসামীর নামে তলবচিঠী বাহির করিতে হুকুম দিবেন।

৯। ঐ তলবচিঠীর মধ্যে নালিশপত্রের এক নকল থাকিবেক এবং আসামীর প্রতি এই হুকুম হইবেক যে সেই ব্যক্তি নিরূপিত দিবসে আদালতে উপস্থিত হয় এবং তাহার নিকটে থাকা যে কাগজপত্র ফরিয়াদী কমিস্যনরের অনুমতিক্রমে দেখিতে দাওয়া করিয়াছে তাহা অথবা যে কাগজপত্র আসামী আপন জওয়াবের উপকারক বোধ করে তাহা এবং তাহার জওয়াবের নিমিত্তে যে২ সাক্ষী আবশ্যক বোধ করে তাহারদের এক ইসমনবীসী আপনার সঙ্গে আনে।

১০। যদি ফরিয়াদী কমিস্যনরের এমত হৃদ্বোধ জন্মায় যে ঐ অধীন দেওয়ানী আদালতের এলাকাহইতে আসামীর স্থানান্তর হইবার সম্ভাবনা আছে তবে ঐ কমিস্যনর তলবচিঠীর সঙ্গে আসামীকে গ্রেফ্তার করণের পরওয়ানা দিবার হুকুম করিতে পারেন।

১১। যদি আসামী ঐ পরওয়ানাক্রমে গ্রেফ্তার হয় তবে তাহাকে যত শীঘ্র সাধ্য কমিস্যনরের নিকটে আনিতে হইবেক এবং যদি সেই ব্যক্তি উপযুক্ত হাজির জামিন দেয় অথবা কমিস্যনর মোকদ্দমার সমস্ত বিষয় বুঝিয়া যত টাকা প্রচুর বোধ করেন্ তত টাকা আমানৎ করে অথবা কমিস্যনরের এমত হৃদ্বোধ করে যে আদালতের এলাকাহইতে স্থানান্তর যাইতে তাহার মানস নাই তবে কমিস্যনর তাহাকে খালাস করিতে পারেন্।

১২। যে প্রত্যেক দিবসে কমিস্যনর নালিশ লইবার জন্যে বৈঠক করেন্ সেই দিবসে প্রাপ্ত সকল নালিশ প্রধান কমিস্যনরের নিকটে দরপেশ হইবেক

Chief Commissioner, who will distribute them among all the Commissioners, including himself.

13. In distributing the plaints the Chief Commissioner will endeavour to give to all the Commissioners a share of business which will occupy an equal portion of the time of each, and to give to each Commissioner those kinds of suits which he thinks each best qualified to decide.

14. Every plaintiff and defendant in the said Subordinate Civil Court shall appear except as hereinafter excepted in person, on the day specified in the writ of summons, and on every other day fixed for the appearance by the Commissioner.

15. A plaintiff or defendant may be excused from appearing in person,

If ill.

If absent from Calcutta.

If engaged in the Public Service.

If exempted on account of rank by the Regulations from appearing in the Courts of the East India Company.

If of advanced age.

If of the female sex.

If there is a co-plaintiff who appears in person.

If there is a co-defendant defending jointly who appears in person.

If not personally cognizant of the matter in dispute.

16. But in all these cases the Commissioner may refuse to hold the party excused from appearing in person if he is not satisfied that the excuse is made in good faith and that the matter of the excuse exists in a sufficient degree to justify him in admitting it.

17. Whenever an Agent has been admitted in place of a party, such Agent shall be permitted to do all that the party might have done had he appeared, and shall be liable to be examined and cross examined in the same manner.

18. And the Commissioner may if he thinks fit order that the party excused shall be examined in any way in which a witness may be examined.

19. When the Commissioner has refused to hold any party excused he may order the Agent who makes the excuse to summon the party on whose behalf it is made on a specified day, and adjourn the proceedings to that day, or he may make a decree against such party after examining his Agent.

XVI. And it is hereby enacted, that as soon as the plaintiff and defendant are together before the Commissioner to whom the suit has been assigned, he shall proceed to take the pleadings and settle the demurrers and issues of fact.

XVII. And it is hereby enacted, that the manner of pleading shall be as follows:

1. The defendant in answer to questions put by the Commissioner shall confess or deny each of the material allegations contained in the plaint, and shall state any matter whereby he proposes to avoid the plaintiff's right to a decree arising out of

এবং তিনি আপনার সহিত সকল কমিস্যনরের মধ্যে তাহা বন্টন করিয়া দিবেন।

১৩। প্রধান কমিস্যনর মোকদ্দমা বন্টন করণ সময়ে কর্ম্মের যে অংশ নির্ব্বাহ করণেতে প্রত্যেক কমিস্যনরের প্রায় সমান সময় লাগিবেক সেই অংশ যথাসাধ্য সকল কমিস্যনরকে দিবেন এবং যে২ প্রকার মোকদ্দমা তাঁহার বোধে প্রত্যেক কমিস্যনর অন্যেরদের অপেক্ষা উত্তম রূপে নিষ্পত্তি করিতে পারিবেন সেই২ প্রকার মোকদ্দমা প্রত্যেক কমিস্যনরকে দিবেন।

১৪। পশ্চাৎ লিখিত গতিক বর্জ্জিয়া প্রত্যেক ফরিয়াদী ও আসামী তলবচিঠীর নিরূপিত দিবসে এবং অন্যান্য যে প্রত্যেক দিবস হাজির হইবার নিমিত্ত কমিস্যনর নিরূপণ করেন্ সেই দিবসে স্বয়ং হাজির হইবেক।

১৫। ফরিয়াদী অথবা আসামী নীচের লিখিত গতিকে স্বয়ং হাজির হইতে ক্ষমা পাইতে পারে।

যদি পীড়িত হয়।

যদি কলিকাতায় বর্ত্তমান না থাকে।

যদি সরকারী কার্য্যে নিযুক্ত থাকে।

যদি আপনার মর্য্যাদাক্রমে আইনের দ্বারা কোম্পানি বাহাদুরের আদালতে হাজির হইতে ক্ষমা পায়।

যদি অধিকবয়স্ক হয়।

যদি স্ত্রী হয়।

যদি কোন সহযোগি ফরিয়াদী থাকে এবং সেই ব্যক্তি নিজে হাজির হয়।

যদি কোন সহযোগি আসামী সাধারণ জওয়াব দেয় এবং নিজে হাজির হয়।

যদি বিবাদি বিষয় তাহার নিজের জাতসার না থাকে।

১৬। কিন্তু এই সকল গতিকে যদি কমিস্যনরের এমত হৃদ্বোধ না হয় যে ঐ ওজর যথার্থমতে হইয়াছে এবং ঐ ওজরের কারণ এইমত প্রবল আছে যে তাহা গ্রাহ্য করা উচিত তবে তিনি সেই ব্যক্তিকে নিজে হাজির হইবার ক্ষমা করিবেন না।

১৭। যখন কোন বিবাদির প্রতিনিধিস্বরূপ কোন মোখ্তার উপস্থিত হইবার অনুমতি পাইয়াছে তখন বিবাদী স্বয়ং উপস্থিত হইলে যাহা করিতে পারিত সেই সকল করিতে ঐ মোখ্তারের প্রতি অনুমতি হইবেক এবং সেইরূপে ঐ মোখ্তার জোবানবন্দী দিতে এবং প্রতিকূল জোবানবন্দী দিতে যোগ্য হইবেক।

১৮। এবং ঐ কমিস্যনর উচিত বোধ করিলে যেরূপে সাক্ষির জোবানবন্দী লওয়া যায় সেইরূপে যে বিবাদী হাজির হইবার ক্ষমা পাইয়াছে তাহার জোবানবন্দী লইতে হুকুম করিতে পারেন।

১৯। যখন কমিস্যনর কোন ব্যক্তিকে স্বয়ং হাজির-হওয়া ক্ষমা না করেন তখন যে মোখ্তার সেই ওজর করে তাহাকে এইমত হুকুম দিতে পারেন যে যে ব্যক্তির পক্ষে ওজর হইয়াছিল তাহাকে কোন নিরূপিত দিবসে তলব করেন এবং সেই দিবসপর্য্যন্ত মোকদ্দমার কার্য্য স্থগিত করিতে পারেন অথবা মোখ্তারের জোবানবন্দী লইয়া গরহাজির ব্যক্তির বিরুদ্ধে ডিক্রী করিতে পারেন।

১৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে মোকদ্দমা যে কমিস্যনরের নিকটে অর্পণ হইয়াছে তাঁহার সম্মুখে ফরিয়াদী এবং আসামী একত্র হইলে তিনি সওয়ালজওয়াব লইবেন এবং আপত্তি ধার্য্য করিবেন ও যে ক্রিয়ার বিষয়ে বিরোধ আছে তাহা নির্দ্ধার্য্য করিবেন ইতি।

১৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সওয়ালজওয়াব করণের রীতি এইরূপে হইবেক বিশেষতঃ

১। কমিস্যনর যে বিষয় জিজ্ঞাসা করেন তাহার জওয়াব দেওনসময়ে আসামী নালিশপত্রের লিখিত প্রত্যেক গুরুতর এজহার স্বীকার নতুবা অস্বীকার করিবেক এবং নালিশপত্রের লিখিত এজহার আসামীর কবুল করা-প্রযুক্ত ফরিয়াদীর ডিক্রী পাইবার যে হক জন্মে তাহা

such allegations contained in the plaint, as he has confessed.

2. The defendant may demur if he thinks the plaint states a case insufficient to entitle the plaintiff to a decree.

3. The defendant shall not be precluded from demurring to any matter in the plaint because he has pleaded to it, nor shall he be precluded from pleading to any matter in the plaint because he has demurred to it.

4. The defendant shall not be precluded from denying as many of the allegations in the plaint as he does not know to be true.

5. The defendant shall not be precluded from avoiding the plaintiff's right to a decree arising out of any allegations in the plaint which the defendant has confessed by the statement of as many matters as he believes to be true.

6. The Commissioner in framing the pleadings from the statements of the parties will take care that pleas shall be kept distinct from demurrers, and that no plea shall be double.

7. The Commissioner will also take care that the pleadings shall not be argumentative and shall state matters of fact only and not evidence of matters of fact, and shall in other respects be such as to lead directly to distinct issues of law or fact, and that each issue shall have as much particularity as conveniently may be.

8. All the above rules of pleading shall be applied, as far as they are capable of such application to the subsequent stages of the pleadings.

9. The Commissioner may examine the parties and permit them to cross-examine each other through himself for the purpose of framing the pleadings from their statements, which statements may also be used as evidence at any hearing for the decision of the cause, and the Commissioner may likewise examine the parties and permit them to cross-examine each other through himself at any hearing for the purpose of using their statements as evidence for the decision of the cause.

10. If any demurrer results from the pleadings which the Commissioner thinks fit for argument, he will after consultation with the parties fix a day for the argument on it.

11. If any issue of fact results from the pleadings upon which it is necessary to hear evidence the Commissioner will make a note of the names of the witnesses on both sides, and of the facts which each of them is expected to prove, and the documents which each of them is expected to produce, and will grant such subpœnas and subpœnas duces tecum as appear to him to be necessary for the purpose of justice, and will also direct

যেং বিষয়ের দ্বারা এড়াইতে ইচ্ছা করে তাহা স্পষ্ট করিয়া জানাইবেক।

২। যদি আসামী বোধ করে যে নালিশপত্রের লিখিত মোকদ্দমার কারণ এমত প্রচুর না হয় যে ফরিয়াদীর পক্ষে ডিক্রী হওয়া উচিত তবে সে ব্যক্তি আপত্তি করিতে পারে।

৩। আসামী যদি নালিশপত্রের লিখিত কোন বিষয়ে জওয়াব দিয়া থাকে তবে তৎপ্রযুক্ত সেই বিষয়ের আপত্তি করিতে তাহার প্রতি নিষেধ হইবেক না এবং যদি নালিশপত্রের লিখিত কোন বিষয়ে আপত্তি করিয়া থাকে তবে তৎপ্রযুক্ত সেই বিষয়ের জওয়াব দিবার তাহার প্রতি নিষেধ হইবেক না।

৪। নালিশপত্রের লিখিত যত এজহার আসামী সত্য না জানে তত এজহার না কবুল করিতে তাহার প্রতি নিষেধ হইবেক না।

”	গোবর মল ও জোআটমল ...	জয়পুর	১	৪৪	মাসুল দেওয়া	
”	গাজামল ডাগা	ঐ	১	১০০	ঐ	
”	মধুরাম	লক্ষ্মণৌ	১	৪৫০	ব্যারিং	
”	ব্রজমোহন দাস	ঐ	১	৪৫০	ঐ	
”	মেজর জে সি টুডর	জলন্দর	১	১৭০	ঐ	
”	চুণা মল্ল ও সালগ্রাম	দিল্লী	১	৪৫০	ঐ	
”	ভবানীচরণ চাটুয্যা	বারাণস	১	৪১	মাসুল দেওয়া	
”	গুরসা মল ও ঘনশ্যাম দাস ...	ঐ	১	২৪২	ঐ	
”	গনর ডবলিউ শা	লাহোর	১	৪৭	ব্যারিং	
”	ভুবনমোহন চাটুয্যা	হোডেল	১	১৮	ঐ	
৩ তারিখ	বিবি ডবলিউ ষ্টিওয়ির ...	গাজীপুর	১	১৯	ব্যারিং	
”	জে হামটন	গোরক্ষপুর	১	২০	ঐ	
”	ডাক্তর ওয়াটসন	মীরট	১	৪৫	ঐ	
”	লেপ্টেনেন্ট সি সি জানসন ...	নিমচ	১	২০	ঐ	
”	বিবি সিটন	আগরা	১	২৬	ঐ	
”	বিবি জি সেন্টপি লারন্স ...	লাহোর	১	১০	ঐ	
”	এস জে নেহর	ইন্দোর	১	১৯	ঐ	
”	মেজর এ আবট	ফতেগড়	১	৪১	ঐ	
”	বিবি সার্যর্স	ফতেপুর	১	৪০	ঐ	
”	লেপ্টেনেন্ট টি সি গ্রেগ্রেব ...	বরেলি	১	৩০	মাসুল দেওয়া	
”	গুরসা মল ও ঘনশ্যাম দাস ...	বারাণস	১	৩২৬	ঐ	
”	মথুরা মিশ্র	ঐ	১	৪৫	ঐ	
”	জে জে রাইবস	ঐ	১	১৭	ঐ	
”	লেপ্টেনেন্ট কর্ণেল কর্টিস ...	কসৌলি	১	১২	ব্যারিং	
”	জে জি গর্ডন	বারাণস	১	২২	ঐ	
			৪০			

জে বি বেনেট। ডেপুটী ডাকাধ্যক্ষ।

INSOLVENT COURT.

যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, dated the 26th of April last, the matters of the Schedule of MEAH SAUJUN HADJEE ROHOMUTOOLLAH, lately carrying on business in the town of Calcutta, as a Merchant, and now residing at Kidderpore, in the twenty-four Pergunnahs, in the Province of Bengal, against whom an Adjudication of Insolvency was made and pronounced by this Court, on the 14th April last, upon the petition of one Hurrochunder Mitter, a Creditor of the said Insolvent, are appointed to be heard in the said Court, on Saturday, the 7th August next.

The names of the creditors of the said MEAH SAUJUN HADJEE ROHOMUTOOLLAH, appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer. Dated 11th May, 1847.

4, Bankshall Street.

W. D. H. OEHME, *Solicitor for the Insolvent.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ১৮ মে।]

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

কলিকাতা নগরের সওদাগর এক্ষণে বাঙ্গলা দেশের জিলা চব্বিশপরগনার খিদিরপুরনিবাসি মিয়া শাজান হাজী রহমতুল্লা যোত্রহীন বটেন এমত নির্দ্ধারণ তাঁহার মহাজন হরচন্দ্র মিত্রের দরখাস্তমতে গত আপ্রিল মাসের ১৪ তারিখে উক্ত আদালতে হইল তাঁহার বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত আপ্রিল মাসের ২৬ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে উক্ত যোত্রহীনের তফসীলের মর্ম্ম আগামি আগষ্ট মাসের ৭ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত মিয়া শাজান হাজী রহমতুল্লার মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

৪ নং। বংশাল রাস্তা। ১৮৪৭। ১১ মে। ডবলিউ ডি এচ ওমি। যোত্রহীনের উকীল।

In the matter of WILLIAM NICHOL, and HENRY MALCOLM LOW, of the Town of Calcutta, Merchants and Agents, lately carrying on business in copartnership with Andrew Wilkie, (who is now absent from India,) at Calcutta, under the style or firm of Nichol, Wilkie and Company, and against whom adjudications of Insolvency, were made and pronounced on the Petitions of Manoel Pedro Guimaraens, Carlos Francisco Monteiro, Joaquim Jose Gomes Monteiro, Alexander Jose Gomes Monteiro, Henrique Jose Gomes Monteiro, Manoel dos Santos Fonseca Baron de Junqeiro, Charles Henry Hodgson, and William Kislingbury, creditors of the said Insolvents.

NOTICE is hereby given, that by an order of the said Court, dated the 1st day of May instant, the hearing of the matters of the Petitions of the said Manoel Pedro Guimaraens and others, has been adjourned to Saturday, the 5th day of June next.

12th May, 1847. GRANT and REMFRY, *Insolvents' Attornies.*

নিকল উইলকি কোম্পানির নামে ভারতবর্ষে অনুপস্থিত আন্ড্রু উইলকি সাহেবের সঙ্গে কলিকাতা নগরে সওদাগরী ও এজেন্টী কর্ম্মকারি কলিকাতা নগরনিবাসি উলিয়ম নিকল সাহেব ও হেনরি মালকম লো সাহেব যোত্রহীন বটেন এমত নির্দ্ধারণ তাঁহারদের মহাজন মানুএল পেদ্রো গিমারাইঁস ও কার্লস ফ্রান্সিসকো মন্টেরো ও জোআকিম জোজে গোমেস মন্টেরো ও আলেকজাণ্ডর জোসে গোমেস মন্টেরো ও হেনরিক জোসে গোমেস মন্টেরো ও মানুএল ডস সান্টস ফঁসেকা বারণদাজুঙ্কেরো ও চার্লস হেনরি হডসন সাহেব ও উলিয়ম কিসলিংবরি সাহেবের দরখাস্তমতে হইল।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মে মাসের ১ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে উক্ত মানুএল পেদ্রো গিমারাইঁস ওগয়রহের দরখাস্তের মর্ম্ম আগামি জুন মাসের ৫ তারিখ শনিবারে শুনা যায়।

১৮৪৭। ১২ মে। গ্রান্ট ও রেম্ফ্রি। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the petition of Madubchunder Ghose, a creditor of ANDREW WILKIE, at present of the town of Calcutta, but lately residing at Chandernagore in Bengal, and lately carrying on trade and business in Calcutta, with William Nichol and Henry Malcolm Low, in copartnership under the name, style and firm of Nichol, Wilkie and Company, Merchants and Agents, and against whom an adjudication of Insolvency was made and pronounced by the said Court, on the twenty-first day of April last, on the application of the said Madubchunder Ghose, are appointed to be heard in the said Court, on Saturday, the seventh day of August next.

The names of the creditors of the said ANDREW WILKIE appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which creditors may refer.

12th May, 1847. GRANT and REMFRY, *Insolvent's Attornies.*

সওদাগর ও এজেন্ট নিকল উইলকি কোম্পানির নামে উলিয়ম নিকল সাহেব ও হেনরি মালকম লো সাহেবের সঙ্গে কলিকাতা নগরে বাণিজ্য ও কর্ম্মকারি এইক্ষণে কলিকাতা নগর নিবাসি পূর্ব্বে বাঙ্গলা দেশের চন্দননগর নিবাসি আন্ড্রু উইলকি সাহেব যোত্রহীন বটেন এমত নির্দ্ধারণ গত আপ্রিল মাসের ২১ তারিখে তাঁহার মহাজন মাধবচন্দ্র ঘোষের দরখাস্তমতে হইল। ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত মাধবচন্দ্র ঘোষের দরখাস্তের মর্ম্ম আগামি আগষ্ট মাসের ৭ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত আন্দ্র উইলকি সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

১৮৪৭। ১২ মে। গ্রান্ট ও রেম্ফ্রি। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the twenty-sixth day of April last, in the matters of the Petition of ALEXANDER MACKENZIE MURDOCH, of No. 107, Durrumtollah Street, in the town of Calcutta, Undertaker, carrying on business under the name and style of Murdoch and Company, and now a prisoner for debt in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court on Saturday, the third day of July next, at the hour of eleven o'clock in the forenoon.

The names of the creditors of the said ALEXANDER MACKENZIE MURDOCH appear in a Schedule, filed inthe Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer. Dated the twenty-sixth day of April, one thousand eight hundred and forty-seven.

Calcutta, 26th April, 1847. PAUL and SMELT, *Insolvent's Attornies.*

মর্ডক কোম্পানি মুর্দ্দাফরাশ কলিকাতা নগরের ধর্ম্মতলার রাস্তার ১০৭ নম্বরী ঘরনিবাসি আলেকজাণ্ডর মাকেঞ্জি মর্ডক সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতে গত আপ্রিল মাসের ২৬ তারিখে হুকুম হইল যে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি জুলাই মাসের ৩ তারিখ শনিবার বেলা এগার ঘন্টার সময়ে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত আলেকজাণ্ডর মাকেঞ্জি মর্ডক সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা ১৮৪৭। ২৬ আপ্রিল। পাল ও স্মেল্ট। যোত্রহীনের উকীল।

[*Government Gazette*, 18*th May*, 1847.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 25, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ২৫ মে।

ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 8TH MAY, 1847.

The following Act is passed by the Hon'ble the President of the Council of India in Council on the 8th of May, 1847, with the assent of the Right Hon'ble the Governor General of India, which has been read and recorded.

Ordered, that the Act be promulgated for general information.

ACT No. IX. OF 1847.

An Act regarding the Assessment of Lands gained from the Sea or from Rivers by alluvion or dereliction within the Provinces of Bengal, Behar and Orissa.

I. It is hereby enacted, that such parts of the Regulations of the Bengal Code as establish tribunals and prescribe rules of procedure for investigations regarding the liability to assessment of lands gained from the sea or from rivers by alluvion or dereliction, or regarding the right of Government to the ownership thereof, shall from the date of the passing of this Act cease to have effect within the Provinces of Bengal, Behar and Orissa; and that all such investigations pending before the Collectors and Deputy Collectors in the said Provinces at the said date, shall forthwith be discontinued; and that no measures shall hereafter be taken for the assessment of such lands, or for the assertion of the right of Government to the ownership thereof, except under the provisions of this Act.

II. And it is hereby enacted, that the expression "Province of Orissa" in this Act shall be

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৭ সাল ৮ মে।

ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের সম্মতিক্রমে পশ্চাৎ লিখিত আইন ১৮৪৭ সালের ৮ মে তারিখে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব হুজুর কৌন্সেলে জারী করিলেন। শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের ঐ সম্মতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে অর্পণ হইয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল ৯আইন।

বাঙ্গলা ও বেহার ও উড়িয়া দেশের মধ্যে সমুদ্র অথবা নদী সিকস্ত অথবা পৈবস্তের দ্বারা প্রাপ্ত ভূমির রাজস্ব নির্দ্ধার্য্য করণের বিষয়ি আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে সমুদ্র কিম্বা নদী সিকস্ত কি পৈবস্তের দ্বারা প্রাপ্ত ভূমির রাজস্বের যোগ্যতার বিষয়ের কিম্বা সেই ভূমিতে গবর্ণমেণ্টের স্বামিত্বের বিষয়ের বিচার করিবার জন্যে বাঙ্গলা দেশের চলিত আইনের যে২ অংশের দ্বারা আদালত স্থাপন হইয়াছে এবং কার্য্যের নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছে সেই২ ভাগ এই আইন জারী হওনের তারিখঅবধি বাঙ্গলা ও বেহার ও উড়িয়া দেশে রহিত হইবেক এবং উক্ত তারিখে ঐ২ দেশের মধ্যে কালেক্টর্ সাহেবেরদের ও ডেপুটী কালেক্টরেরদের নিকটে উপস্থিত উক্ত বিষয়ের সমস্ত মোকদ্দমা অগৌণে রহিত হইবেক। এবং উক্ত ভূমির রাজস্ব নির্দ্ধার্য্য করণের কিম্বা তাহাতে গবর্ণমেণ্টের স্বামিত্ব সাব্যস্ত করণের জন্যে কেবল এই আইনের বিধানমতে কার্য্য করা যাইবেক ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের মধ্যে "উড়িয়া দেশ" এই কথাতে কেবল উড়িয়া দেশের

taken to mean only so much of the Province of Orissa as is subject to the Government of Bengal.

III. And it is hereby enacted, that within the said Provinces it shall be lawful for the Government of Bengal in all districts, or parts of districts, of which a revenue survey may have been or may hereafter be completed and approved by Government, to direct from time to time, whenever ten years from the approval of any such survey shall have expired, a new survey of lands on the banks of rivers and on the shores of the sea, in order to ascertain the changes that may have taken place since the date of the last previous survey, and to cause new maps to be made according to such new survey.

IV. And it is hereby enacted, that the approval of the revenue surveys of the following districts and parts of districts shall be deemed to have taken place on the undermentioned days, viz.

Of the district of Chittagong, on the Sixth day of September 1842.

Of the district of Behar, on the Ninth day of November 1844.

Of the district of Patna, on the Twenty-second day of June 1844.

Of the district of Shahabad, on the Twenty-eighth day of November 1846.

Of the district of Sarun, on the Eighteenth day of February 1847.

Of Pergunnah Furkyah, in the district of Monghyr, on the Nineteenth day of September 1839.

Of the Northern division of the Province of Cuttack, on the Twenty-fourth day of October 1842.

Of the Central division of the Province of Cuttack, on the Twenty-second day of February 1843.

Of the Southern division of the Province of Cuttack, on the Nineteenth day of October 1842.

Of the district of Midnapore, except Higellee and Tumlook, on the Twelfth day of September 1845.

Of Hidgellee and Tumlook, in the district of Midnapore, on the Fifth day of October 1842.

Of the district of Cachar, on the Fifth day of February 1844.

Of Jynteeah, and the Pergunnahs of Chapghat, Echamuttee, Ittisamnuggur and Bhurrun, in the district of Sylhet, on the Fifth day of February, 1844.

Of the district of Gawlparah, on the Twenty-fourth day of December 1842.

Of the district of Luckimpore, on the Tenth day of November 1845.

Of the district of Seebpore, on the Eighth day of May 1843.

And that the approval of the revenue surveys of districts or parts of districts which may be hereafter surveyed, shall be deemed to have taken place on such day as may be specified as the day of such approval in the Calcutta Government Gazette.

V. And it is hereby enacted, that whenever on inspection of any such new map it shall appear to

যে অংশ বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের অধীন আছে সেই অংশই বুঝাইবেক ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত দেশের যে সকল জিলাতে কি জিলার অংশে রাজস্ব সম্পর্কীয় জরীপ সম্পন্ন হইয়া গবর্ণমেন্টের মঞ্জুর হইয়াছে কি উত্তর কালে সম্পন্ন হয় এবং মঞ্জুর হয় সেই জরীপ মঞ্জুর হওনের পর দশ বৎসর অতীত হইলে বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর্ সাহেব ঐ সকল দেশে পূর্ব্ব জরীপ হওনের তারিখের পর নদীর তীরস্থ ও সমুদ্রের তটস্থ ভূমির যেই মতান্তর হইয়াছে তাহা নিশ্চয় করণার্থ সময়ে২ নূতন জরীপ করিতে এবং উক্ত নূতন জরীপ অনুসারে নূতন নক্শা প্রস্তুত করিতে হুকুম দিতে পারেন্ ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে নীচের লিখিত জিলার ও জিলার অংশের রাজস্বসম্পর্কীয় জরীপ নীচের লিখিত তারিখে মঞ্জুর হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক অর্থাৎ।

জিলা চাটিগাঁ ১৮৪২ সালের ৬ সেপ্টেম্বর তারিখ।

জিলা বেহার ১৮৪৪ সালের ৯ নবেম্বর তারিখ।

জিলা পাটনা ১৮৪৪ সালের ২২ জুন তারিখ।

জিলা শাহাবাদ ১৮৪৬ সালের ২৮ নবেম্বর তারিখ।

জিলা সারণ ১৮৪৭ সালের ১৮ ফেব্রুআরি তারিখ।

জিলা মুঙ্গেরের পরগনা ফরক্কায়া ১৮৩৯ সালের ১৯ সেপ্টেম্বর তারিখ।

কটক প্রদেশের উত্তর অংশ ১৮৪২ সালের ২৪ অক্টোবর তারিখ।

কটক প্রদেশের মধ্যম অংশ ১৮৪৩ সালের ২২ ফেব্রুআরি তারিখ।

কটক প্রদেশের দক্ষিণাংশ ১৮৪২ সালের ১৯ অক্টোবর তারিখ।

হিজলী ও তমলুক ভিন্ন জিলা মেদিনীপুর ১৮৪৫ সালের ১২ সেপ্টেম্বর তারিখ।

জিলা মেদিনীপুরের হিজলী ও তমলুক ১৮৪২ সালের ৫ অক্টোবর তারিখ।

জিলা কাছাড় ১৮৪৪ সালের ৫ ফেব্রুআরি তারিখ।

জৈন্তিয়া এবং জিলা ছিলটের পরগনা চাপঘাট ও ইছামতী ও ইতিশামনগর ও ভরণ ১৮৪৪ সালের ৫ ফেব্রুআরি তারিখ।

জিলা গোআলপাড়া ১৮৪২ সালের ২৪ ডিসেম্বর তারিখ।

জিলা লক্ষ্মীপুর ১৮৪৫ সালের ১০ নবেম্বর তারিখ।

জিলা শিবপুর ১৮৪৩ সালের ৮ মে তারিখ।

এবং উত্তর কালে যে সকল জিলার কি জিলার অংশের রাজস্বসম্পর্কীয় জরীপ হয় তাহার জরীপ মঞ্জুর হওনের যেং তারিখ কলিকাতার গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হয় সেই তারিখ তাহার মঞ্জুর হওনের তারিখ বোধ হইবেক ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এইমত নূতন নক্শা দেখিয়া যখন স্থানীয় রাজস্বের কার্য্যকারকদিগের

the Local Revenue Authorities, that land has been washed away from or lost to any Estate paying revenue directly to Government, they shall without loss of time make a deduction from the sudder jumma of the said Estate equal to so much of the whole Sudder Jumma of the Estate as bears to the whole the same proportion as the Mofussil Jumma of the land lost bears to the Mofussil Jumma of the whole Estate; but if the Mofussil Jumma of the whole Estate or of the land lost cannot be ascertained to the satisfaction of the Local Revenue Authorities, then the said Local Revenue Authorities shall make a deduction from the Sudder Jumma of the Estate equal to so much of the whole Sudder Jumma of the Estate as bears to the whole the same proportion as the land lost bears to the whole Estate. And this deduction with the reasons thereof shall be forthwith reported by the Local Revenue Authorities for the information and orders of the Sudder Board of Revenue, whose orders thereupon shall be final.

VI. And it is hereby enacted, that whenever on inspection of any such new map it shall appear to the Local Revenue Authorities that land has been added to any Estate paying revenue directly to Government, they shall without delay assess the same with a revenue payable to Government according to the rules in force for assessing alluvial increments, and shall report their proceedings forthwith to the Sudder Board of Revenue whose orders thereupon shall be final.

VII. And it is hereby enacted, that whenever on inspection of any such new map it shall appear to the Local Revenue Authorities that an island has been thrown up in a large and navigable river, liable to be taken possession of by Government under Clause Third, Section 4, Regulation XI. 1825, of the Bengal Code, the said Local Revenue Authorities shall take immediate possession of the same for Government and shall assess and settle the land according to the rules in force in that behalf, reporting their proceedings forthwith for the approval of the Sudder Board of Revenue, whose orders thereupon in regard to the assessment shall be final. Provided however that any party aggrieved by the act of the Revenue Authorities in taking possession of any island as aforesaid shall be at liberty to contest the same by a regular suit in the Civil Court.

VIII. And it is hereby enacted, that nothing in this Act contained shall affect suits for the assessment or for establishing the right of Government to the ownership of alluvial lands now pending in appeal before the Special Commissioners, or such as having been decided by the Lower Resumption Courts are at the date of the passing of this Act open to appeal to the Court of the Special Commissioners according to the Laws heretofore in force, and that all such cases shall be dealt with as if this Act had not been passed.

[*Government Gazette, 25th May, 1847.*]

এমত বোধ হয় যে যে মহালের রাজস্ব একেবারে সরকারে দাখিল হয় এমত মহালের ভূমি সিকস্ত হইয়াছে অথবা লুপ্ত হইয়াছে তখন তাঁহারা অগৌণে সমস্ত মহালের মফঃসল জমাঅনুসারে সিকস্ত ভূমির মফঃসল জমা যত হয় তাহার হিসাব করিয়া সমুদয় মহালের সদর জমাঅনুসারে সিকস্ত ভূমির সদর জমা যত হয় তাহা মিনাহ দিবেন কিন্তু সমুদয় মহালের কিম্বা লুপ্ত ভূমির মফঃসল জমা যদি ঐ স্থানের রাজস্বের কার্য্যকারকেরা স্ববোধমতে নিরূপণ করিতে না পারেন তবে ঐ স্থানের রাজস্বের কার্য্যকারকেরা সমুদয় মহালের মোট ভূমির যত ভূমি সিকস্ত হইয়াছে তাহার হিসাব করিয়া সেই হিসাবঅনুসারে সদর জমাহইতে জমা মিনাহ দিবেন। এবং এইরূপে জমা মিনাহ দেওন এবং তাহার কারণের এক রিপোর্ট সদর বোর্ড রেবিনিউর সাহেবেরদের বিজ্ঞাপন ও হুকুমের নিমিত্তে স্থানীয় রাজস্বের কার্য্যকারকেরা অগৌণে তথায় পাঠাইবেন এবং তদ্বিষয়ে সদর বোর্ডের সাহেবেরদের হুকুম চূড়ান্ত হইবেক ইতি।

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত নূতন নক্‌শা দেখিয়া যখন নানা স্থানের রাজস্বের কার্য্যকারকদিগের এমত বোধ হয় যে সরকারে একেবারে রাজস্ব দেওনিয়া মহালের কোন ভূমি পৈবস্ত হইয়াছে তখন চরের রাজস্ব ধার্য্যকরণার্থ যে বিধি চলন আছে তদনুসারে তাঁহারা সরকারের নিমিত্তে সেই পৈবস্ত হওয়া ভূমির উপর অগৌণে কর বসাইবেন এবং তাঁহারা আপনারদের কার্য্যের রিপোর্ট তৎক্ষণাৎ সদর বোর্ড রেবিনিউর নিকটে পাঠাইবেন এবং তদ্বিষয়ে ঐ বোর্ডের সাহেবেরদের হুকুম চূড়ান্ত হইবেক ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত নূতন নক্‌শাদৃষ্টে যখন নানা স্থানের রাজস্বের কার্য্যকারকেরদের এমত বোধ হয় যে কোন বৃহৎ এবং নৌকাগমনাগমনের যোগ্য নদনদীর মধ্যে যেপ্রকার চর কি দ্বীপ ১৮২৫ সালের ১১ আইনের ৪ ধারার ৩ প্রকরণানুসারে সরকারের দখল করণের উপযুক্ত সেই প্রকার কোন চর কি দ্বীপ উৎপন্ন হইয়াছে তখন তৎস্থানের রাজস্বের কার্য্যকারকেরা সরকারের তরফে সেই চর বা দ্বীপ তৎক্ষণাৎ দখল করিবেন এবং কর নিরূপণের বিষয়ে যে২ বিধি চলন আছে তদনুসারে তাহার উপর কর ধার্য্য ও বন্দোবস্ত করিবেন এবং পূর্ব্বোক্তমতে আপনারদের কার্য্যের রিপোর্ট সদর বোর্ড রেবিনিউর মঞ্জুর হওনার্থ তথায় পাঠাইবেন এবং করের বিষয়ে ঐ বোর্ডের সাহেবেরা যে হুকুম দেন তাহা চূড়ান্ত হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্তমতে রাজস্বের কার্য্যকারকেরা কোন দ্বীপ দখল করিলে যদি কোন ব্যক্তি আপনাকে অন্যায়গ্রস্ত বোধ করে তবে সেই ব্যক্তি দেওয়ানী আদালতে জাবেতামত মোকদ্দমার দ্বারা তদ্বিষয়ের নালিশ করিতে পারে ইতি।

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে চরের ভূমির রাজস্ব ধার্য্য করণ বিষয়ে কিম্বা তাহাতে গবর্ণমেন্টের স্বামিত্ব সাব্যস্ত করণের বিষয়ে যে মোকদ্দমা স্পেসিয়ল কমিস্যনর সাহেবেরদের নিকটে আপীল হইয়া আছে অথবা সেইপ্রকার যে২ মোকদ্দমা অধস্থ বাজেয়াপ্তী আদালতে নিষ্পত্তি হইয়া এই আইন জারী হওনের তারিখের সময়ে পূর্ব্বের চলিত আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনর সাহেবেরদের আদালতে আপীলহওনের যোগ্য আছে সেই২ প্রকার মোকদ্দমার বিষয়ে এই আইনের লিখিত কোন কথার দ্বারা কিছু অন্যথা হইবেক না এবং এই আইন জারী না হইলে যেরূপ হইত সেইরূপে ঐ সকল মোকদ্দমা চলিবেক ইতি।

IX. And it is hereby enacted, that except as regards the proprietary right to islands no suit or action in any Court of Justice shall lie against the Government, or any of its Officers on account of any thing done in good faith in the exercise of the powers conferred by this Act.

G. A. Bushby,
Secy. to the Govt. of India.

৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে দ্বীপের মালিকী স্বত্ত্ব বিষয় ছাড়া এই আইনের দ্বারা দত্ত ক্ষমতানুসারে যাথার্থ্যমতে যে কোন কার্য্য করা যায় তাহার বিষয়ে সরকারের কি সরকারের কোন কার্য্যকারকের নামে কোন আদালতে কোন নালিশ বা মোকদ্দমা হইবেক না ইতি।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
John C. Marshman, *Bengalee Translator.*

DRAFTS OF ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE.
15th May, 1847.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 15th of May, 1847.

Act No. ——— of 1847.

An Act for regulating the powers of Deputy Magistrates appointed under Act XV. of 1843.

Whereas Deputy Magistrates appointed under Act XV. of 1843 to exercise the powers of a Covenanted Assistant under Regulations XIII. 1797, XII. 1803, IX. 1807, or III. 1821, are not competent to decide any cases but such as are referred to them by the Magistrate, and whereas this restriction is attended with practical inconvenience to complainants in petty criminal cases:

I. It is hereby enacted, that it shall be competent to the Local Government of both Divisions of the Bengal Presidency, to empower Deputy Magistrates appointed under Act XV. 1843 to receive and try such charges as they are now competent to try upon reference by the Magistrate, subject to an appeal from their decisions to the Magistrate, provided such appeal be preferred within the period of one month from the date of the sentence or order appealed from.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 15th day of July next.

G. A. Bushby,
Secy. to the Govt. of India.

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেন্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৭ সাল ১৫ মে।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৭ সালের ১৫ মে তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল ——আক্ট।

১৮৪৩ সালের ১৫ আইনক্রমে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেটেরদের ক্ষমতা নিরূপণ করণের বিষয়ি আইন।

যেহেতুক ১৮৪৩ সালের ১৫ আইনক্রমে যে ডেপুটী মাজিষ্ট্রেটেরা ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৩ সালের ১২ আইন ও ১৮০৭ সালের ৯ আইন অথবা ১৮২১ সালের ৩ আইনক্রমে চিহ্নিত আসিষ্টান্টের ক্ষমতানুসারে কার্য্যকরণার্থ নিযুক্ত হন্ তাঁহারা মাজিষ্ট্রেট সাহেবেরা যে মোকদ্দমা অর্পণ করেন্ তদ্ভিন্ন কোন মোকদ্দমা নিষ্পত্তি করিতে পারেন্ না এবং যেহেতুক এই নিষেধের দ্বারা ক্ষুদ্র ফৌজদারীর বিষয়ের দরখাস্তকারিরদের কাযে২ ক্লেশ হইতেছে।

১ ধারা। অতএব ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা রাজধানীর অধীন দেশের উভয় ভাগের গবর্ণমেন্ট এক্ষণে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অর্পণ করা যে২ নালিশ ১৮৪৩ সালের ১৫ আইনক্রমে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেটেরা বিচার করিতে পারেন্ সেই২ নালিশ স্বয়ং লইতে ও বিচার করিতে তাঁহারদিগকে ক্ষমতা দিতে পারেন এবং তাঁহারদের ঐ নিষ্পত্তির উপর মাজিষ্ট্রেট সহেবের নিকটে আপীল হইতে পারে কিন্তু জানা কর্ত্তব্য যে যে দণ্ডাজ্ঞা অথবা হুকুমের উপর আপীল হয় তাহার তারিখঅবধি এক মাসের মধ্যে ঐ আপীল করিতে হইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ১৫ জুলাই তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যায়।

জি এ বুশবি
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
15th May, 1847.

The following draft of a proposed Act was read in Council for the first time on the 15th of May 1847.

Act No. ——— of 1847.

An Act for repealing Act XIV. of 1839 so far as it relates to the Emigration of Natives of India to the Island of Ceylon.

1. Whereas by Act XIV. of 1839 it was enacted that every person who should make with any Na-

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেন্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৭ সাল ১৫ মে।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৭ সালের ১৫ মে তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল——আক্ট।

সিংহলদ্বীপে ভারতবর্ষ নিবাসি ব্যক্তিরদের গমনের বিষয়ি ১৮৩৯ সালের ১৪ আইন যেপর্য্যন্ত খাটে সেই পর্য্যন্ত তাহা রদ করণের আইন।

১ ধারা। যেহেতুক ১৮৩৯ সালের ১৪ আইনে এমত হুকুম হইল যে ভারতবর্ষীয় কোম্পানি বাহাদুরের রা-

tive of India any contract for labour to be performed in any British or Foreign Colony without the Territories of the East India Company, or who should knowingly abet or aid any Native of India in emigrating from the said Territories for the purpose of being employed as a laborer, should be liable on conviction before a Magistrate or Justice of the Peace, to a fine not exceeding 200 Rupees for every Native so contracted with, aided or abetted, and in default of payment of such fine, should be liable to be imprisoned for a term not exceeding three months :

Provided always, that nothing in that Act contained should be taken to apply to any Native Seaman who should of his own free will contract to navigate any vessel, or who should embark on board such vessel in pursuance of such contract, or to any person who should contract to serve as a menial servant only, or who should embark as such menial servant :

And whereas the Island of Ceylon geographically, historically and socially considered, is analogous to the countries subject to the Government of the East India Company :

It is hereby enacted, that Act XIV of 1839, in so far as it makes liable to penalties every person who shall make with any Native of India any contract for labor to be performed in the said Island, or who shall knowingly aid or abet any Native of India in emigrating from the Territories subject to the Government of the East India Company to the said Island, is repealed.

II. But whereas the said Island is not subject to the Legislative power of the Governor General of India in Council, so that the said Governor General in Council is unable to make Laws for the protection of such Natives of India as may emigrate to the said Island against the evils which might attend the emigration of such Natives of India from the said Island to any British or Foreign Colony :

It is therefore hereby enacted, that this Act shall not come into operation until the Governor General of India in Council shall be duly certified that the Legislature of the said Island has made such laws as the said Governor General in Council shall think sufficient for the protection of such Natives of India so emigrating to the said Island, against the evils aforesaid, and shall notify in the *Gazette* that he has been so certified.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 15th day of August next.

G. A. Bushby,
Secy. to the Govt. of India.

[*Government Gazette*, 25*th May*, 1847.]

জোর বাহিরে কোন ইঙ্গলণ্ডীয় কি ভিন্নাধিকারির বসতিতে কর্ম্ম করিবার নিমিত্তে ভারতবর্ষীয় কোন ব্যক্তির সহিত যে কেহ চুক্তি করিবেক কি মজুরের ন্যায় খাটিবার নিমিত্তে ঐ রাজ্যহইতে ভারতবর্ষীয় কোন ব্যক্তিকে গমনার্থে জানিয়া শুনিয়া প্রবৃত্তি দিবেক বা তাহার সাহায্য করিবেক সেই ব্যক্তির অপরাধ কোন মাজিষ্ট্রেট কিম্বা জুষ্টিস্ অফ দি পীস সাহেবের সমীপে সাব্যস্ত হইলে এদেশীয় যে প্রত্যেক ব্যক্তির সঙ্গে চুক্তি করিয়াছে কি যাহার সাহায্য করিয়াছে বা যাহাকে প্রবৃত্তি দিয়াছে সেই প্রত্যেক ব্যক্তির নিমিত্তে ঐ অপরাধি ব্যক্তি ২০০৲ দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক এবং ঐ জরীমানার টাকা না দেওয়া গেলে ৩ তিন মাসের অনধিক মিয়াদে কয়েদ থাকনের যোগ্য হইবেক ইতি।

কিন্তু এদেশীয় যে কোন নাবিক স্বেচ্ছাক্রমে কোন জাহাজের কর্ম্ম করিতে চুক্তি করে কি সেই চুক্তির অনুসারে সেই জাহাজে আরোহণ করে কিম্বা যে কেহ কেবল দাস্য কর্ম্ম করিতে চুক্তি করে অথবা সেই প্রকার দাসের ন্যায় জাহাজে আরোহণ করে সেই২ ব্যক্তির উপর এই অইনের লেখা কোন কথা যে খাটে এমত বোধ করিতে হইবেক না।

এবং যেহেতুক সিংহলদ্বীপ ভূগোলসম্পর্কে ও পুরাবৃত্ত সম্পর্কে এবং জাতিসম্পর্কে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের সদৃশ

অতএব ইহাতে হুকুম হইল যে ঐ দ্বীপে কর্ম্ম করিবার নিমিত্তে ভারতবর্ষীয় কোন ব্যক্তির সহিত যে ব্যক্তি কোন চুক্তি করে কি কোম্পানি বাহাদুরের শাসিত দেশহইতে উক্ত দ্বীপে গমনার্থ কোন ব্যক্তিকে জানিয়াশুনিয়া প্রবৃত্তি দেয় বা তাহার সাহায্য করে সেই ব্যক্তি ১৮৩৯ সালের ১৪ আইনের যে ভাগের দ্বারা দণ্ডের যোগ্য হয় সেই ভাগ রদ হইল ইতি।

২ ধারা। কিন্তু যেহেতুক উক্ত দ্বীপ ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের ব্যবস্থাপক ক্ষমতার অধীন নহে এবং ভারতবর্ষের যে লোকেরা ঐ দ্বীপে গমন করে ভারতবর্ষের ঐ লোকেরা ঐ দ্বীপহইতে কোন ইঙ্গলণ্ডীয় বা ভিন্নাধিকার দেশীয় বসতিতে গমন করিলে যে অপকার হইতে পারে তাহাহইতে তাহারদিগকে রক্ষা করণার্থ উক্ত শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে আইন করিতে পারেন্ না

অতএব ইহাতে হুকুম হইল যে যাবৎ শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরকে হজুর কৌন্সেলে এইমত জ্ঞাত না করা যায় যে ঐ দ্বীপের ব্যবস্থাপক কৌন্সেল ঐ দ্বীপে গমনশীল ভারতবর্ষের ঐ লোকেরদের পূর্ব্বোক্ত অনিষ্টহইতে রক্ষার জন্যে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে যে২ আইন উচিত বোধ করেন সেই২ আইন নির্দ্দিষ্ট করিয়াছেন এবং সেইরূপ সম্বাদ পাইবার বিষয়ে গেজেটে এত্তেলা না দেন তাবৎ এই আইন আমলে আসিবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ১৫ আগস্ট তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।

ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

John C. Marshman, *Bengalee Translator.*

REPORTS OF SUMMARY CASES DETERMINED IN THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT.

The 1st March, 1847.—Held that the alleged heir by will, of a deceased Pauper Plaintiff, must apply *de novo* for permission to sue as a Pauper.

Allee Ahsun—Petitioner.

This was an appeal from an order of the Judge of Hooghly, dated the 10th December, 1846.

It appeared that one Musst. Parusoonnissa deceased, had been permitted, on the 13th February, 1846, to institute a suit as a Pauper against one Mohummud Khizur, for possession of certain assessed and rent-free lands, &c., estimated at 13,462 Rupees. On appeal by Mohummud Khizur to the Sudder Dewanny Adawlut, the Court (present Mr. Tucker,) on the 13th April, 1846, reversed the order of the Judge, because he had not fully recorded his opinion as to the validity of the grounds of action, nor of pauperism, and remanded the case for re-investigation. In the course of this second investigation Musst. Parusoonnissa died, when the present Petitioner applied to the Judge to substitute him in her stead under an alleged will, executed by her in his favor.

The Judge refused to allow Petitioner to prosecute the suit as heir of Parusoonnissa, but directed him to apply *de novo*, being of opinion that he could not, in a case of pauperism, be admitted to represent the deceased under a will, which, also by a petition of one Mohummud Hamid appeared to have been executed by Musst. Parusoonnissa, at a time when she was not in a state of consciousness.

On appeal to the Sudder Dewanny Adawlut the Court (present Mr. Reid) considering the orders of the Judge to be correct and proper, rejected the Petition.

The 10th March, 1847.—The interest, with which a claimant may be charged under Construction 1010, should be recovered from him by the decree-holder.

Choonee Lall Sein—Petitioner.

This was a special appeal from an order of the Judge of Hooghly, dated 10th November, 1846, affirming that of the Principal Sudder Ameen, dated 19th May preceding.

The sale of petitioner's property, real and personal, in satisfaction of a decree for 1900 Rupees, with interest and costs obtained against him by one Chukkoo Ram Sing, had been postponed in consequence of objections made by certain claimants to it pending the consideration of which, interest had accrued. The objections were eventually overruled. The petitioner then applied to have the interest which had thus accrued charged to the claimants. Both the Principal Sudder Ameen and the Zillah Judge, however, made him

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তিহওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৪৭ সাল ১ মার্চ।

বিধান হইল যে যে ব্যক্তি মৃত যোত্রহীন ফরিয়াদীর দানপত্রক্রমে আপনাকে উত্তরাধিকারী কহে সেই ব্যক্তির আবশ্যক যে যোত্রহীনস্বরূপ নালিশ করণের অনুমতির বিষয়ে নূতন দরখাস্ত করে।

আলী আসন দরখাস্তকারী।

এই আপীল হুগলীর জজ সাহেবের ১৮৪৬ সালের ১০ ডিসেম্বর তারিখের হুকুমের উপর হয়।

দৃষ্ট হইল যে মসম্মাৎ পারসন্নেসা নামক মৃত এক ব্যক্তি আপন জীবদ্দশায় কমবেশ ১৩৪৬২৲টাকা মূল্যের কতক সকর ও নিষ্কর ভূমিপ্রভৃতির দখল পাইবার জন্যে মহম্মদ খিজরের নামে পাপরস্বরূপ নালিশ করিতে ১৮৪৬ সালের ১৩ ফেব্রুআরি তারিখে অনুমতি পাইয়াছিল। তাহাতে মহম্মদ খিজর সদর দেওয়ানী আদালতে আপীল করাতে ঐ আদালতের জজ শ্রীযুত টকর সাহেব ১৮৪৬ সালের ১৩ আপ্রিল তারিখে এই২ কারণে উক্ত জজ সাহেবের হুকুম অন্যথা করিলেন যে ঐ জজ সাহেব নালিশের হেতুর এবং যোত্রহীনতার সাতকরীর বিষয়ে আপনার মত সম্পূর্ণরূপে লেখেন নাই এবং ঐ মোকদ্দমা ছানী তজবীজের নিমিত্তে ফিরিয়া পাঠাইলেন। মোকদ্দমার দ্বিতীয়বার বিচার হওনসময়ে ঐ মসম্মাৎ পারসন্নেসার লোকান্তর হইল এবং এক্ষণকার দরখাস্তকারী জজ সাহেবের নিকটে প্রার্থনা করিল যে ঐ স্ত্রী আমার পক্ষে দানপত্র করিয়াছে অতএব আমাকে তৎপ্রযুক্ত ঐ স্ত্রীর স্থলাভিষিক্ত করণের বিষয়ে হুকুম দেন।

জজ সাহেব পারসন্নেসার উত্তরাধিকারিস্বরূপ মোকদ্দমা চালাইতে দরখাস্তকারিকে অনুমতি দিতে স্বীকার না করিয়া তাহাকে নূতন দরখাস্ত করিতে হুকুম দিলেন যেহেতুক জজ সাহেবের এই বিবেচনা ছিল যে যোত্রহীনতার মোকদ্দমায় দানপত্রক্রমে তাহাকে মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত হইতে অনুমতি দেওয়া যাইতে পারে না; এবং আরো মহম্মদ হামিদ নামক এক ব্যক্তির দরখাস্তক্রমে বোধ হইল যে মসম্মাৎ পারসন্নেসা যে সময়ে ঐ দানপত্রে সহী করে সেই সময়ে তাহার চৈতন্য ছিল না।

তাহাতে সদর দেওয়ানী আদালতে আপীল হওয়াতে ঐ আদালতের জজ শ্রীযুত রীড সাহেব জিলার জজ সাহেবের হুকুম যথার্থ ও উপযুক্ত বোধ করিয়া দরখাস্ত অগ্রাহ্য করিলেন।

১৮৪৭ সাল ১০ মার্চ।

১০১০ আইনের অর্থানুসারে দাওয়াদারের শিরে যে সুদ পড়ে তাহা ডিক্রীদার তাহার স্থানে উসুল করিয়া লইবেক।

চুণিলাল সেন দরখাস্তকারী।

১৮৪৬ সালের ১৯ মে তারিখে হুগলীর প্রধান সদর আমীন যে হুকুম করেন তাহা ঐ সালের ১০ নবেম্বর তারিখে হুগলীর জজ সাহেব মঞ্জুর করেন তাহার উপর এই খাস আপীল হয়।

ছকুরাম সিংহ নামক ব্যক্তি দরখাস্তকারির বিরুদ্ধে ১৯০০৲ টাকা এবং সুদ ও খরচার এক ডিক্রী পাইয়াছিল এবং সেই ডিক্রী জারীক্রমে দরখাস্তকারির স্থাবর অস্থাবর সম্পত্তির নীলাম করণের উদ্যোগ হইলে কএক জন দাওয়াদার ঐ নীলামের বিষয়ে ওজর করিল তৎপ্রযুক্ত তাহা স্থগিত হইল। ওজরের বিচার করণসময়ে সুদ বাড়িল। পরিশেষে ঐ ওজর অগ্রাহ্য হইল এবং দরখাস্তকারী ঐ বাড়তি সুদ দাওয়াদারেরদের প্রতি দিবার হুকুমের প্রার্থনা করিল কিন্তু প্রধান সদর আমীন এবং জিলার জজ সাহেব ঐ সুদের সংখ্যার বিষয়ে তাহাকে

answerable for the amount in the first instance, and left him to recover it from the objectors; he in consequence appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court (present Mr. Tucker.)

Under Construction, 1010, I am clearly of opinion that when interest is charged to a claimant, the amount should not be added to the debt of the person answerable for the amount decreed. The decree-holder should recover it from the opposing party.

Order of both Courts reversed.

The 10th March, 1847.—A claim preferred only on day of sale, to a rateable share in assets realized by a sale of property, rejected under Circular Order No. 42, dated 26th January, 1844.

Annund Mye, and others—Petitioners.

This was an appeal from an order of the Officiating Judge of Backergunge, dated the 10th December, 1846, reversing that of the Principal Sudder Ameen of the 12th November preceding.

It appeared that Nubkishore Goh, the ancestor of the petitioners, had instituted an action against Ram Doolol Dos and others, for recovery of a sum of money and obtained judgment in his favor. In course of execution, he died, and was succeeded by the petitioners, who attached certain landed property alleging the same to belong to the debtors. The property however was released from attachment, it appearing to belong to Isser Chunder Sen and other claimants. Upon this the Petitioners brought an action against the debtors and the said claimants, to prove that the property attached by them, did really belong to the debtors, and obtained a decree in their favor which was upheld in appeal. In consequence execution of the former decree was taken out and the property being sold was purchased by the decree-holders (or petitioners.) On the day of sale one Isser Chunder Rai and Telook Chunder Rai, presented an application, stating that they also held a decree against the same debtors, and were therefore entitled to a rateable share in the assets realized by the sale of their property. This application was rejected by the Principal Sudder Ameen, but the Judge on appeal reversed his order; thereupon an appeal was preferred to the Sudder Dewanny Adawlut.

By the Court (present Mr. Tucker.)

The petitioners attached the property, and, after its release from attachment, sued and obtained an order for its sale in satisfaction of their decree. It does not appear that Isser Chunder Rai took any steps for the attachment or the sale of the property. Their petition on day of sale cannot be considered in that light. The order of the Judge must therefore be reversed and that of the Principal Sudder Ameen upheld. Order accordingly.

The 16th March, 1847.—Held that the Civil Courts cannot give orders with regard to the management of Estates directed under Sec. 26, Reg.

[*Government Gazette, 25th May,* 1847.]

প্রথমতঃ দায়ী করিয়া ওজরদারেরদের স্থানে তাহা উসুল করিতে তাহাকে হুকুম দিলেন এইপ্রযুক্ত সেই ব্যক্তি সদর দেও য়ানী আদালতে আপীল করিল।

তাহাতে সদর দেওয়ানী আদালতের জজ শ্রীযুত টকর সাহেব ১০১০ আইনের অর্থ ধরিয়া কহিলেন আমার স্পষ্ট বোধ হয় যে যখন সুদ ওজরদারের শিরে পড়ে তখন তাহার সংখ্যা ডিক্রী হওয়া টাকার দায়ি ব্যক্তির দেনার সঙ্গে সংযোগ করিতে হইবেক না। ডিক্রীদার তাহা ওজরদারের স্থানে উসুল করিয়া লইবেক।

অতএব উভয় আদালতের হুকুম অন্যথা হইল।

১৮৪৭ সাল ১০ মার্চ।

সম্পত্তির নীলামের উপস্বত্তের অংশ পাইবার জন্যে নীলামের দিবসে যে দাওয়া হয় তাহা ১৮৪৪ সালের ২৬ জানুআরি তারিখের ৪২ নম্বরী সরকুলর অর্ডর-ক্রমে নামঞ্জুর হইল।

আনন্দময়ী এবং অন্যেরা দরখাস্তকারী।

১৮৪৬ সালের ১২ নবেম্বর তারিখে বাকরগঞ্জের প্রধান সদর আমীন যে হুকুম করিলেন তাহা ১৮৪৬ সালের ১০ ডিসেম্বর তারিখে ঐ জিলার একটিং জজ সাহেব অন্যথা করিবার হুকুম দিলেন এবং ঐ হুকুমের উপর এই আপীল হয়।

দৃষ্ট হইল যে দরখাস্তকারির পূর্ব্বপুরুষ নবকিশোর গুহ কতক টাকা পাইবার জন্যে রামদুলাল দাস এবং অন্যেরদের নামে নালিশ করিল এবং তাহার পক্ষে ডিক্রী হইল। ডিক্রী জারী হইতে২ ঐ নবকিশোর মরিল এবং দরখাস্তকারিরা তাহার উত্তরাধিকারী হইল এবং কতক ভূমি সম্পত্তি দেনাদারেরদের বলিয়া তাহারা ক্রোক করিল। কিন্তু দৃষ্ট হইল যে ঐ সম্পত্তি ঈশ্বরচন্দ্র সেন ও অন্য দাওয়াদারেরদের অতএব তাহা ক্রোকহইতে খালাস হইল। তাহাতে দরখাস্তকারিরা তাহারদের দ্বারা ক্রোকহওয়া সম্পত্তি নিতান্ত দেনাদারেরদের ইহা সাব্যস্তকরণার্থ দেনাদারেরদের এবং ঐ দাওয়াদারের-দের নামে নালিশ করিল এবং তাহারদের পক্ষে ডিক্রী হইল এবং আপীল হইলে ঐ ডিক্রী বহাল থাকিল। তৎপ্রযুক্ত সাবেক ডিক্রী জারী করা গেল এবং ঐ সম্পত্তি নীলাম হইল এবং ডিক্রীদার অর্থাৎ দরখাস্ত-কারিরা তাহা খরিদ করিল। নীলামের দিবসে ঈশ্বরচন্দ্র রায় এবং তিলকচন্দ্র রায় নামক দুই ব্যক্তি এই দরখাস্ত দিল যে ঐ দেনাদারেরদের বিরুদ্ধে আমারদের হাতে এক ডিক্রী আছে অতএব ঐ সম্পত্তি নীলামেতে যে উপস্বত্ত হয় তাহার অংশ পাইবার আমারদের হক। প্রধান সদর আমীন ঐ দরখাস্ত নামঞ্জুর করিলেন কিন্তু জজ সাহেবের নিকটে আপীল হওয়াতে তিনি সেই হুকুম অন্যথা করিলেন তাহাতে সদর দেওয়ানী আদালতে আপীল হইল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত টকর সাহেব কহিলেন যে দরখাস্তকারিরা সম্পত্তি ক্রোক করিয়াছিল এবং তাহা ক্রোকহইতে খালাস হইলে পর নালিশ করিল এবং আপনারদের ডিক্রী জারীকরণার্থ তাহা নী-লাম হওনের হুকুম পাইল। দৃষ্ট হয় না যে ঐ ঈশ্বর-চন্দ্র রায় ঐ সম্পত্তি ক্রোক অথবা নীলাম করণার্থ কোন উদ্যোগ করিল। নীলামের দিবসে তাহারা যে দরখাস্ত করিল তাহা ঐ উদ্যোগের ন্যায় জ্ঞান করা যাইতে পারে না। অতএব জজ সাহেবের হুকুম অন্যথা করিতে হই-বেক এবং প্রধান সদর আমীনের হুকুম বহাল করিতে হইবেক। এবং তদনুসারে হুকুম হইল।

১৮৪৭ সাল ১৬ মার্চ।

বিধান হইল যে যে জমীদারী ১৮১২ সালের ৫ আই-নের ২৬ ধারাক্রমে ক্রোক করিবার হুকুম আছে এবং ১৮২৭ সালের ৫ আইনক্রমে রাজস্বের কার্য্যকারকের-দের দ্বারা ক্রোক হয় সেই জমিদারীর সরবরাহের